কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com
মঙ্গলবার
বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৩৮ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ০৯ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা
৩০ মে ২০২৩

minister Refrigerator


M-600-6D (450 L) ১৪৩,০১১
৳৭৫,৮১০
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700



## ভিসানীতির কারণে বিএনপির নির্বাচন বর্জনের ষড়যন্ত্র ভেস্তে গেছে



**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'যুক্তরাষ্ট্রের নতুন ভিসা নীতির কারণে বিএনপির নির্বাচন বর্জনের ষড়যন্ত্র ভেস্তে গেছে। একই সঙ্গে নির্বাচন বানচালে বিএনপির আগুন সন্ত্রাস ও ধ্বংসাত্মক কর্মকাণ্ডের বিরুদ্ধে কঠোর সতর্কতা ২-এর পাতায় দেখুন

## মার্কিন ভিসা নীতি বিএনপির ওপরই বড় চাপ তৈরি করেছে



**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'মার্কিন ভিসা নীতি বিএনপির জন্যই বড় চাপ তৈরি করেছে। কারণ এই ভিসা নীতির কারণে এখন আর নির্বাচন প্রতিহত করবো, সেটি ২-এর পাতায় দেখুন

## মার্কিন নিষেধাজ্ঞার ভাইরাসে আক্রান্ত হলেও লড়ছে কিউবা



**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক অবরোধের ৬০ বছর গতকাল পূর্ণ করেছে কমিউনিস্টশাসিত কিউবা। এমন প্রেক্ষাপটে দেশটি নিষেধাজ্ঞাবিরোধী প্রচারণা চালাচ্ছে। ছয় দশক ধরে চলা যুক্তরাষ্ট্রের এই নিষেধাজ্ঞা লাতিন আমেরিকার দেশ ২-এর পাতায় দেখুন

# সংঘাত নয়, আলোচনায় সমাধান চাই : প্রধানমন্ত্রী



**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ শান্তিতে বিশ্বাস করে এবং শান্তির জন্য যা যা করা দরকার তা-ই করবে।

তিনি বলেন, 'আমরা শান্তিতে বিশ্বাস করি, সংঘাতে নয়। বাংলাদেশ সর্বদা শান্তিতে বিশ্বাস করে এবং শান্তি প্রতিষ্ঠার জন্য যা যা করা দরকার সবই করবে।'

শেখ হাসিনা গতকাল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস-২০২৩ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি'র ভাষণে এ কথা বলেন।

তিনি বলেন, 'আমরা যে কোনো সংঘাতের শান্তিপূর্ণ সমাধান চাই।'

প্রধানমন্ত্রী আরো বলেন, 'আমরা অস্ত্র প্রতিযোগিতা চাই না। কারণ নারী, শিশু ও প্রতিটি পরিবার এতে সবচেয়ে বেশি দুর্ভোগে পড়ে। তাই তাদের এই দুর্ভোগ থেকে রক্ষা করাই আমাদের লক্ষ্য।'

সরকার বলেন, বিশ্বে শান্তি নিশ্চিত করা অতীতের চেয়ে এখন বেশি কঠিন। কারণ, অশুভ শক্তি প্রযুক্তি ব্যবহার করে মানুষের জীবনের শান্তি কেড়ে নিচ্ছে।

তিনি বলেন, 'প্রযুক্তির সাম্প্রতিক বিকাশ ও অগ্রগতির সাথে সাথে অশুভ শক্তির নতুন হুমকি বাড়ছে।'

শেখ হাসিনা বলেন, প্রযুক্তি মানুষকে আর্থ-সামাজিক উন্নয়নসহ সব ক্ষেত্রে সুযোগ দিচ্ছে। কিন্তু এর পাশাপাশি আমরা এটাও দেখছি যে- অপশক্তিগুলোও প্রযুক্তি ব্যবহার করে মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করছে এবং মানুষের জীবনের শান্তি কেড়ে নিচ্ছে। কাজেই জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে শান্তিরক্ষীদের জটিল বহুমাত্রিক পরিস্থিতি মোকাবেলা করতে হবে।

তিনি অভিমত ব্যক্ত করেন যে, 'আর এজন্য, উন্নত প্রযুক্তির সাহায্যে শান্তিরক্ষা মিশনকে সমৃদ্ধ করার প্রয়োজনীয়তা বহুগুণ বৃদ্ধি পেয়েছে।'

শেখ হাসিনা বলেন, তাঁর সরকার বিশ্বের সবচেয়ে চ্যালেঞ্জিং ও বিপজ্জনক অঞ্চলে জটিল পরিস্থিতি মোকাবেলায় সর্বদা বাংলাদেশী শান্তিরক্ষীদের সর্বাধুনিক প্রশিক্ষণ দিয়ে প্রস্তুত করেছে।

তিনি বলেন, 'আমরা মিশন এলাকার পরিবেশ, আবহাওয়া এবং ভূখণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ পোশাক, অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র ও আধুনিক সামরিক সরঞ্জাম সরবরাহ নিশ্চিত করছি।'

এই প্রসঙ্গে শেখ হাসিনা আরো বলেন, সরকার শান্তিরক্ষীদের যোগাযোগের জন্য বাংলাদেশ কন্টিনজেন্টে আধুনিক মাইন-প্রতিরোধী, অতর্কিত হামলা-সুরক্ষিত যানবাহন ও অত্যাধুনিক প্রযুক্তি অন্তর্ভুক্ত করেছে।

সরকার প্রধান আরো বলেন, 'আধুনিক প্রযুক্তি এবং প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করা একটি চলমান প্রক্রিয়া- যা আমরা ভবিষ্যতেও অব্যাহত রাখব।'

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ ও জাতিসংঘের আবাসিক ২-এর পাতায় দেখুন

## জাপান সফর শেষে দেশে ফিরেছেন স্পিকার

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শার-মিন চৌধুরী হাউজ অফ রিপ্রেজেনটেটিভস অফ জাপানের স্পিকারের আমন্ত্রণে জাপান সফর শেষে গতকাল ঢাকায় ফিরেছেন।

সফরকালে জাপানের হাউজ অফ রিপ্রেজেনটেটিভসের স্পিকার হিরোইউকি হসোদা ও হাউজ অফ কাউন্সিলরসের প্রেসিডেন্ট হিদেহিসা ওতসুজি-র সাথে বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার সৌজন্য সাক্ষাৎ করেন। এছাড়া, স্পিকারের সাথে জাপান-বাংলাদেশ ফ্রেন্ডশিপ লীগের প্রেসিডেন্ট আসো তারো সৌজন্য সাক্ষাৎ করেন।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী জাপান সফরকালে জাপানের ন্যাশনাল মিউজিয়াম ফর ইমার্জিং সাইন্স এন্ড ইনোভেশন, ওসাকা একুরিয়াম কাইয়ুকান ও ওসাকা ক্যাসেল ২-এর পাতায় দেখুন

## বুস্টার ডোজ এ সপ্তাহে শুরু হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক জানিয়েছেন, বাংলাদেশকে ৩০ লাখ ডোজ করোনার টিকা দিয়েছে ফাইজার। এসব টিকা নির্দিষ্ট সংখ্যক মানুষকে বুস্টার ডোজ হিসেবে দেয়া হবে।

গতকাল সোমবার দুপুরে সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান স্বাস্থ্যমন্ত্রী।

স্বাস্থ্যমন্ত্রী জানান, এসব টিকা দিয়ে ৬০ বছরের বেশি বয়সী মানুষকে চতুর্থ এবং ১৮ বছরের বেশি বয়সীদের তৃতীয় ডোজ দেয়া হবে।



## বাংলাদেশি আমেরিকানদের সম্পদের খোঁজ, হঠাৎ বাড়ছে রেমিট্যান্স



**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশি নাগরিকদের জন্য নতুন ভিসা নীতি ঘোষণার কয়েক সপ্তাহের মধ্যে যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ জাস্টিস (ডিওজে) আমেরিকান ব্যাংকগুলিকে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশী আমেরিকান বা দেশে ব্যাংক অ্যাকাউন্ট আছে এমন বাংলাদেশী নাগরিকদের ব্যাংক অ্যাকাউন্টের বিস্তারিত তথ্য দিতে বলছে। এরই মধ্যে যুক্তরাষ্ট্রের আরেকটি সংস্থা বাংলাদেশি নাগরিকের সম্পত্তির তথ্য সংগ্রহ শুরু করেছে। এই ধরনের পদক্ষেপগুলি ইতিমধ্যে সন্দেহ তৈরি করেছে। কারণ বেশ কয়েকজন মার্কিন আইনপ্রণেতা প্রেসিডেন্ট জো বাইডেনকে বাংলাদেশের বেশ কয়েকজন ব্যক্তির ওপর 'কঠোর নিষেধাজ্ঞা' আরোপের আহ্বান জানিয়েছেন।

ডিপার্টমেন্ট অফ জাস্টিস (ডিওজে) এর এমন পদক্ষেপ গ্রহণের পর থেকেই হঠাৎ আমেরিকা থেকে বাংলাদেশে রেমিট্যান্স আসা বেড়েছে। যা অস্বাভাবিক বলেই মনে করছেন অর্থনীতি বিশ্লেষকরা। তারা বলছেন, বাংলাদেশের সবচেয়ে বড় শ্রমবাজার মধ্যপ্রাচ্য। এর মধ্যে সবচেয়ে বেশি প্রবাসী বাংলাদেশি ২-এর পাতায় দেখুন



## আওয়ামী লীগে যোগ দিল বিএনপির ৩ শতাধিক নেতাকর্মী

**নিজস্ব প্রতিবেদক :** মাগুরায় বিএনপির ৩ শতাধিক নেতাকর্মী আওয়ামী লীগে যোগদান করেছে। মাগুরা পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড থেকে রোববার রাতে শহরের শিবরামপুর সাইফুজ্জামান শিখর এমপি'র বাংলো বাড়িতে এ যোগদান অনুষ্ঠান হয়। এ সময় সাইফুজ্জামান শিখর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে প্রধান শিক্ষক, সুপার ও ম্যানেজিং কমিটির সভাপতিদের অংশগ্রহনে কর্মশালা অনুষ্ঠিত



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতিদের অংশগ্রহনে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারী ইন্সটিটিউশন (পিবিজিএসআই) এর আওতায় সোমবার সকালে উপজেলা পরিষদ অডিটরিয়ামে দিনব্যাপী এ কর্মশালায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার। অনুষ্ঠানের আয়োজন ২-এর পাতায় দেখুন

## মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচনে এত পুলিশ কেন?

**নিজস্ব প্রতিবেদক :** 'জাতীয় নির্বাচনের ঝুঁকিপুর্ণ কেন্দ্রেও এত পুলিশ থাকে না, কিন্তু একটি মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচনে এত পুলিশ কেন?' এমনটাই প্রশ্ন ছিলো ঝিনাইদহের শৈলকুপা উপজেলার রয়েড়া দাখিল মাদ্রাসার নির্বাচনের এক ভোটারের।

সোমবার ওই শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনের ভোটগ্রহণের শুরু থেকেই শৈলকুপা থানা থেকে অর্ধ-শতাধিক পুলিশ সদস্য'র উপস্থিতি সেখানে লক্ষ্য করা যায়। নির্বাচন সুষ্ঠু ও শান্তিপুর্ণ ভাবে সম্পন্ন হয়। নির্বাচনের প্রিজাইডিং অফিসার ডা: মাহমুদ হোসেন জানান, মাদ্রাসায় ৩১৬ জন ভোটার ছিলো। শান্তিপুর্ণ ভাবে ভোটগ্রহণ সম্পন্ন হয়। নির্বাচনে সাধারণ শাখায় ৬ জন ও ইবতেদায়ী শাখা ২ জন প্রতিদ্বন্দ্বীতা করেন। নির্বাচনে মুকুল হোসেন, ওয়াদদু আলী, সোহরাব হোসেন মোল্লা সাধারণ শাখায় অভিভাবক সদস্য পদে নির্বাচিত হয়েছেন। এছাড়াও ইবতেদায়ী শাখায় আব্দুর রাজ্জাক নির্বাচিত হয়েছেন। এছাড়াও একজন মহিলা সদস্য বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন। এ ব্যাপারে শৈলকুপা থানার ওসি আমিনুল ইসলাম বলেন, নির্বাচন মানেই প্রতিদ্বন্দ্বীতা। আর প্রতিদ্বন্দ্বীতা মানেই সংঘর্ষের শংকা। তাই আমরা নির্বাচন সুষ্ঠু ও শান্তিপুর্ণ ভাবে সম্পন্ন করার জন্য নিরাপত্তা গ্রহণ করেছিলাম।

## শৈলকুপার বগুড়া ইউনিয়নের উন্মুক্ত বাজেট ঘোষনা



**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার বগুড়া ইউনিয়নের ২০২৩-২৪ অর্থ বছরে নতুন কর আরোপ ছাড়াই ১ কোটি ৭২ লাখ ৩ শত ৩০ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। সোমবার সকলে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল এ বাজেট ঘোষণা করেন। উন্মুক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠান পরিচালনা করেন,ইউপি সচিব আবু সাদাত মোঃ সায়েম আলী। শৈলকুপা প্রেসক্লাবের ক্রীড়া সম্পাদক চঞ্চল ২-এর পাতায় দেখুন

হরিণাকুন্ডুতে কাবিখা প্রকল্পে নয় ছয়

## শ্রমিকের পরিবর্তে ভেকু মেশিন ব্যবহার ও মাটি বিক্রির অভিযোগ

**হরিণাকুন্ডু প্রতিনিধি :** ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার রঘুনাথপুর ইউনিয়নে কোন প্রকার নিয়ম-নীতির তোয়াক্কা না করেই চলছে কাবিখা প্রকল্পের কাজ।

শ্রমিকের পরিবর্তে মাটি কাটার যন্ত্র (ভেকু) ব্যবহার ও স্হানীয় মরা গাঙ্গ থেকে মাটি তুলে বিক্রির অভিযোগ উঠেছে স্হানীয় ইউপি সদস্য ও চেয়ারম্যানের বিরুদ্ধে।

জানা যায়, কাবিখা প্রকল্পের অংশ হিসেবে রঘুনাথপুর ইউনিয়নের শ্রীফলতোলা গ্রামের রহমানের বাড়ি হতে মন্টুর বাড়ি পর্যন্ত রাস্তা মাটি দিয়ে সংস্কারের কাজে ৫ মেট্রিকটন গম বরাদ্দ দেওয়া হয়। প্রকল্পটিতে শ্রমিক দিয়ে কাজ করার কথা থাকলেও ইঞ্জিন চালিত ভেকু দিয়ে স্থানীয় মরা গাঙ্গ থেকে মাটি কেটে রাস্তা সংস্কারের কাজ করেছেন সংরক্ষিত মহিলা ইউপি সদস্যের স্বামী আব্দুর রশিদ ও ইউপি চেয়ারম্যান বসির উদ্দীন। প্রকল্পটিতে দায়সারা গোছের কাজ করা হচ্ছে বলেও অভিযোগ রয়েছে। স্হানীয়দের অভিযোগ, মাটি কাটার যন্ত্র ( ভেকু) ব্যবহার ২-এর পাতায় দেখুন

## জাল সনদধারী মেহেরপুর জেলার ছয় শিক্ষক চাকুরিচ্যুত, বাকিরা অধরা!




**মেহেরপুর প্রতিনিধিঃ** দীর্ঘদিন বহাল তবিয়তে সরকারি বেতন ও অন্যান্য সুবিধাভোগ করছেন। অভিযোগ রয়েছে, মেহেরপুর জেলার কয়েকটি মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও বেশ কয়েকটি কলেজে এখনও কম্পিউটর ডিপ্লোমা কোর্সের জাল সনদধারী কিছু শিক্ষক রয়েছেন। যারা বহাল তবিয়তে চাকুরি করে যাচ্ছেন এবং প্রতি মাসে সরকারি এমপিও সুবিধা ভোগ করছেন। এদের মধ্যে বেশ কয়েকজনের নাম আলোচনায় রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ) নিয়মিত পরিদর্শেনে বিভিন্ন সময়ে জাল সনদের বিষয়টি উঠে আসে। যার প্রেক্ষিতে ওই ৬৭৮ জনকে চাকুরিচ্যুত করার নির্দেশ আসে। এর আগে মেহেরপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেশ কয়েকটি ভূয়া সনদ ধরা পড়লেও অজ্ঞাত কারনে তাদের চাকুরিচ্যুত করা হয়নি বলে অভিযোগ রয়েছে। এর পেছনে ঘুষ বাণিজ্যেরও অভিযোগ ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে অভিযান, এগারো হাজার টাকা জরিমানা আদায়

**চঞ্চল মাহমুদ শৈলকুপাঃ** নিষিদ্ধ পলিথিনে ছেয়ে গেছে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার হাটাবাজারগুলো।এতে মারাত্মক হুমকির মুখে পড়েছে পরিবেশ।

পরিস্থিতি মোকাবেলায় নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে অভিযান শুরু করেছে উপজেলা প্রশাসন।

সোমবার বিকেলে শৈলকুপা পৌরসভার বাজারে এই অভিযান পরিচালনা করা হয়। এতে নেতৃত্ব দেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ বনি আমিন।

এসময় ৪টি দোকানে অভিযান চালিয়ে ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে বিএডিসি চুক্তিবদ্ধ চাষী সমিতির প্রতিবাদ সভা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে বীজের দাম বৃদ্ধির দাবিতে বিএডিসি চুক্তিবদ্ধ চাষী সমিতির প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে শহরের জোহান ড্রিম ভ্যালী পার্ক মিলনাতায়নে বিএডিসি চুক্তিবদ্ধ চাষী সমিতি বাংলাদেশ কেন্দ্রীয় কমিটির আয়োজনে ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় সড়ক দুর্ঘনায় নসিমন চালক নিহত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার আসাননগর নামকস্থানে সড়ক দুর্ঘটনায় রবিউল ইসলাম (৪৫) নামের এক নসিমন চালক নিহত হয়েছে।

সোমবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের ওই স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত রবিউল ইসলাম ঝিনাইদহ সদর উপজেলার চুটলিয়া এলাকার আফসার উদ্দিনের ছেলে।

স্থানীয়রা জানায়, নসিমন চালক রবিউল ইসলাম তার নসিমন নিয়ে সন্ধ্যায় শৈলকুপা থেকে ঝিনাইদহে ফিরছিলো। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি লাটাহাম্বারের সাথে মুখোমুখি সংঘর্ষ ২-এর পাতায় দেখুন

# রামসুন্দর প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষকের অসুন্দর কর্মকাণ্ড

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা প্রাচীন ইতিহাসের স্বাক্ষী 'আবাইপুর রাম সুন্দর মাধ্যমিক বিদ্যালয়ে' এখন আর পড়া লেখার কোন পরিবেশ নেই। দিন দিন ছাত্র ছাত্রীর সংখ্যা হ্রাস পাচ্ছে আশংকাজনক হারে। প্রধান শিক্ষক হিসাবে গত ১০ বছর আগে যোগদান করেন ফয়জুল রহমান। তার যোগদানের পর পরই স্কুলের বারোটা বাজতে শুরু করেছে। এর আগে শ্রীপুর উপজেলার সম্মেলনী মাধ্যমিক বিদ্যালয়ে সহ কারী শিক্ষক হিসাবে কমৃরত থাকা অবস্থায় নারী কেলেঙ্কারীর জন্য তাকে ১১ বছরের জন্য বহিষ্কার করা হয়। মোটা অঙ্কের টাকার বিনিময়ে আবাইপুর রামসুন্দর মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসাবে যোগদান করেন।

এখানে যোগদানের পর এক ছাত্রী কে কু-প্রস্তাব দেওয়ার অভিযোগ উঠে প্রধান শিক্ষকের বিরুদ্ধে। পরে ওই ভুক্তভোগী ছাত্রী ও তার পরিবার উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দেন। স্কুলের সহকারী শিক্ষিকাকে চড় থাপ্পড় মারার অভিযোগ আছে তার বিরুদ্ধে। বলতে পারেন চড় থাপ্পড় মারা এই প্রধান শিক্ষকের বেশ পুরাতন অভ্যাস। কথার চেয়ে তার হাত বেশি চলে। সভাপতি প্রধান শিক্ষককে চড় থাপ্পড় মারলেনচ এমন শিরোনামে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশ করা হয়। ওই ঘটনা সম্পর্কে ছাত্র ছাত্রীরা অভিযোগ করেন, প্রধান শিক্ষক ধাক্কা দিতে দিতে আর বিশ্রি ভাষায় গালি গালাজ করে সভাপতি কে রুম থেকে বের করে দেন। এর পর সভাপতি মোটরসাইকেল নিয়ে স্কুল থেকে চলে যায়। এরপর, রাজ্জাক ও ২-এর পাতায় দেখুন




- আবাইপুর রামসুন্দর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সামনেই ধুমপান করেন প্রধান শিক্ষক ।
- ছাত্রীদের নানা ভাবে কু-প্রস্তাব দেন প্রধান শিক্ষক ।
- হুমকি দিয়ে সভাপতির বিরুদ্ধে মিছিল করান প্রধান শিক্ষক।
- ছাত্র-ছাত্রীদের দাবি সভাপতিকে ধাক্কা মেরে বের করে দেন প্রধান শিক্ষক।



## গাংনীর আদম ব্যবসায়ী সোহরাব কারাগারে

**মেহেরপুর প্রতিনিধিঃ** প্রতারণার দায়ে মেহেরপুরের গাংনীর আদম ব্যবসায়ী সোহরারকে (৪৭) জেল হাজতে পাঠিয়েছে মেহেরপুর বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট-২ (গাংনী) আমলি আদালতের বিচারক তারিক হাসান। রবিবার দুপুরে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

মঙ্গলবার ৩০ মে ২০২৩

# বন্ধ হওয়ার পথে পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র, বাড়বে লোডশেডিং



**নিজস্ব প্রতিবেদক :** কয়লা সংকটে প্রথমবারের মতো বন্ধ হওয়ার পথে পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র। ডলার সংকটের কারণে বিল বকেয়া থাকায় কয়লা সরবরাহ বন্ধ। ফলে মজুদ কয়লা দিয়ে ২ জুন পর্যন্ত বিদ্যুৎ উৎপাদন করা যাবে। ১ হাজার ৩২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তাপবিদ্যুৎ কেন্দ্রটি বন্ধ হয়ে গেলে বাড়বে লোডশেডিং।

পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের যৌথ মালিকানায় রয়েছে নর্থওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) ও চীনের রাষ্ট্রায়ত্ত চায়না ন্যাশনাল মেশিনারি ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট কর্পোরেশন (সিএমসি)। দুটো প্রতিষ্ঠান যৌথভাবে প্রতিষ্ঠা করেছে বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি লিমিটেড (বিসিপিসিএল)। বিসিপিসিএল সূত্রে জানা যায়, বিদ্যুৎ কেন্দ্রের কয়লা আমদানির জন্য সিএমসি অর্থ ব্যয় করে। আমদানির ক্ষেত্রে ডেফার্ড পেমেন্ট (দেরিতে পরিশোধ) হিসেবে ওয়ার্কিং ক্যাপিটাল দিয়ে থাকে প্রতিষ্ঠানটি। চলতি বছরের এপ্রিল পর্যন্ত কয়লা আমদানির মোট বিল বকেয়া পড়েছে ২৯৩ মিলিয়ন ডলার বা ৩ হাজার ১৩৫ কোটি ১০ লাখ টাকা। যা পরিশোধ না করা হলে কয়লার জন্য আর অর্থ দেবে না সিএমসি।

পূর্ণ সক্ষমতায় বিদ্যুৎ উৎপাদনে পায়রা বিদ্যুৎ কেন্দ্রের দৈনিক প্রয়োজন ১২ হাজার টন কয়লার। প্রতি মাসে যার পরিমাণ দাঁড়ায় ৩ লাখ ৬০ হাজার টন। কেন্দ্রটিতে কয়লা সরবরাহ করে ইন্দোনেশিয়ান ২-এর পাতায় দেখুন

## মুক্তা সুলতানাকে চাকরি দিলেন আইসিটি প্রতিমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** 'ফেসবুক লাইভে' সার্টিফিকেট পুড়িয়ে দেয়ার পর গণমাধ্যমের নজরে আসা মুক্তা সুলতানা আইসিটি বিভাগের অধীন 'একটি প্রকল্পে' অফিসার পদে ৩৫ হাজার টাকা বেতনের চাকরি পেয়েছেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক তাকে এ চাকরির ব্যবস্থা করে দিয়েছেন।

কিশোরগঞ্জের কটিয়াদি উপজেলার বনগ্রামের মুক্তা সুলতানা রাজধানীর ইডেন মহিলা কলেজ থেকে ২০১৯ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। গত কয়েক বছর ধরে চাকরির চেষ্টা করেও চাকরি না পেয়ে হতাশ হয়ে মুক্তা গত ২৩ মে 'ফেইসবুক লাইভে' এসে ২৭ বছরের জীবনে অর্জিত সব একাডেমিক সার্টিফিকেট পুড়িয়ে ফেলেন।

এ বিষয়টি 'বায়ান্ন টেলিভিশনের' মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের দৃষ্টিগোচর হলে তিনি মুক্তা সুলতানার সাথে যোগাযোগ করেন এবং তাঁর দপ্তরে আসার জন্য অনুরোধ জানান।

প্রতিমন্ত্রী মুক্তার সাথে আলোচনার পর প্রধানমন্ত্রীর পক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন 'এস্টাবলিশমেন্ট অব সিকিউরড ইমেইল ফর গভর্নমেন্ট অ্যান্ড ডিজিটাল লিটারেসি সেন্টার' প্রকল্পে 'কন্টেন্ট ২-এর পাতায় দেখুন

# মহেশপুরে বিশ্ব মা দিবস উপলক্ষে আলোচনা সভা



**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুরে বিশ্ব মা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে মহেশপুর উপজেলার এসবিকে ইউনিয়ন পরিষদ চত্তরে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে মা দিবস অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশীর সভাপতিত্বে অনুষ্ঠিত মা দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খাঁন চঞ্চল। আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহের কালীচরণপুর ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষনা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের ২০২৩-২৪ অর্থ বছরে নতুন কর আরোপ ছাড়াই ৯৪ লাখ ৮০ হাজার ২'শ ৫৫ টাকার উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। সোমবার দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় গাছ থেকে পড়ে বৃদ্ধের মৃত্যু

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গায় নাতনির জাম খাওয়ার বায়না মেটাতে গিয়ে গাছ থেকে পড়ে নানার মৃত্যু হয়েছে। সোমবার সকালে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার বাঘাডাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটে। নিহত নাসির উদ্দিন ওই গ্রামের আকবর আলীর ছেলে। তিনি পেশায় একজন কৃষক ছিলেন।

প্রতিবেশী শাহাবুল হক জানান, সকাল ৮টার দিকে ছয় বছরের নাতনি সায়মা খাতুন নানার কাছে জাম ২-এর পাতায় দেখুন



## মহেশপুরে কিশোরীদের মাঝে পুরস্কার বিতরণ

**মহেশপুর প্রতিনিধি :** সোমবার দুপুরে ঝিনাইদহের মহেশপুর উপজেলার ডি.পি.জি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শ্রেনী কক্ষে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো) উদ্যোগে কিশোরীদের সচেতনতা মুলক প্রশিক্ষক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। কিশোরীদের সচেতনতা মুলক প্রশিক্ষক অনুষ্ঠানে কিশোরীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। যাদবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ডাঃ সালাউদ্দীন আহাম্মেদের সভাপতিত্বে অনুষ্ঠিত ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় সাপের কামড়ে নারীর মৃত্যু

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা সাপের কামড়ে হাজেরা খাতুন (৪২) নামে এক নারীর মৃত্যু হয়েছে। রবিবার দিবাগত রাত ১টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তিনি চুয়াডাঙ্গা পৌর এলাকার হাজরাহাটি গ্রামের শেখপাড়ার মুক্তার আলীর স্ত্রী।

পরিবারের সদস্যরা জানান, রবিবার রাতে হাজেরা খাতুন নিজ ঘরে ঘুমিয়ে ছিলেন। অনুমানিক রাত সোয়া ১০টার দিকে একটি বিষধর সাপ তাকে কামড় দেয়। পরিবারের সদস্যরা বিষয়টি প্রথমে বুঝতে না পারলেও রাত ১২টার দিকে যন্ত্রণায় ছটফট করতে থাকলে হাজেরা খাতুনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। সেখানে প্রায় ২-এর পাতায় দেখুন

# হরিণাকুন্ডুর শড়াতলা-বেলতলা ব্রীজটি মরণ ফাঁদ



**মোঃ আবু সাইদ, হরিণাকুন্ডু :** নেই রেলিং, নেই পাঠাতন, আছে শুধু কঙ্কাল। এ যেন মানুষ মরার ফাঁদ, **হরিণাকুন্ডুর শড়াতলা-বেলতলা ব্রীজটি**। সংযোগ ব্রীজটি দীর্ঘদিন আগে থেকেই যানবহন চলাচল বন্ধ রয়েছে। লোকজন পায়ে হেটে চলাচল করে কিন্তু দুর্ঘটনা ঘটে প্রতিনিয়ত। জোড়াদহ ও রঘুনাথপুর ইউনিয়ন বাসীর উপজেলা শহরে যাতায়তের পথ। আবার ফলসি ইউনিয়নের বাসীর জোড়াদহ ও ভায়না ইউনিয়নে যোগাযোগের পথ। সুতরাং সংযোগ ব্রীজটির প্রয়োজনীয়তা একমাত্র তিন ইউনিয়ন বাসীই বুঝতে পারছে। স্থানীয়দের অভিযোগ দীর্ঘদিন ধরে জনপ্রতিনিধিদের কাছে দাবি জানিয়ে শুধু আশ্বাসই মিলছে।

সড়ে জমিনে গিয়ে দেখা যায়, শৈলকুপা থেকে আলমডাঙ্গা পর্যন্ত ক্যানালটির অবস্থান। মাঝখানে সাত বীজে ৭টি ব্রীজ রয়েছে। ঠিক সাত ব্রীজের আগে ক্যানেলের ওপর নির্মিত ব্রীজটি। ষাটের দশকে তৎকালীন ইপি ওয়াপদা (ইস্ট পাকিস্তান ওয়াটার অ্যান্ড পাওয়ার ডেভেলপমেন্ট অথরিটি) কর্তৃক নির্মিত হয়। রেলিং বলে ২-এর পাতায় দেখুন



## ভেড়া পালনে বিল্লালের চমক

**সুমন আহম্মেদ :** ঝিনাইদহ সদরের মধুহাটি ইউনিয়নের চোরকোল গ্রামের মোঃ বিল্লাল হোসেন ভেড়া পালন করে চমক দেখালেন। ১০ বছর আগে ২ টি ভেড়া দিয়ে তার ভেড়া পালন শুরু। এখন তাদের দুই ভায়ের ১২০ টি ভেড়া রয়েছে। এর মধ্যে ৭০ টি মা ভেড়া।

মোঃ বিল্লাল হোসেন জানান, বর্তমান তারা ভেড়া পালন করে ভালো আছে এবং এটি লাভজনক। প্রতি বছর প্রায় ১ লক্ষ টাকার ভেড়া বিক্রয় হয়। তারা দুই ভাই প্রতিদিন দুপুর হলে ভেড়া নিয়ে মাঠে আসে আর সন্ধার আগ পর্যন্ত মাঠে থাকেন ভেড়া নিয়ে। ভেড়ার পিছনে আলাদা আলাদা কোন খরচ হয় না। মাঠে মাঠে ভেড়ার পাল চরায়ে ২-এর পাতায় দেখুন

# শৈলকুপায় কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও শিক্ষা উপকরণসহ সেনেটারী ন্যাপকিন বিতরণ

**শৈলকুপা প্রতিনিধি :** বাল্য বিবাহ,আত্মহত্যা প্রবণতা,নারী নির্যাতন ও বয়সন্ধিকালীন শারীরিক ও মানসিক পরিবর্তন সম্পর্কে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সোমবার ঝিনাইদহের শৈলকুপায় 'বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড'(ইরেসপো) ২য়-পর্যায়ের স্কুলগামী কিশোরীদের নিয়ে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সকালে উপজেলার গাড়াগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়ে কিশোরীদের নিয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠানে ১০০ জন কিশোরীদের মাঝে শিক্ষা উপকরণসহ সেনেটারী ন্যাপকিন বিতরণ করা হয়।



অনুষ্ঠানে প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ সোহেলী ইসলাম,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ রেশমা খানম, ১৩ নং উমেদপুর ইউনিয়নের চেয়ারম্যান সাবদার হোসেন মোল্লা,প্রশিক্ষণ কোর্স উপদেষ্টা ও প্রধান শিক্ষক ইব্রাহিম খলিল, কোর্স পরিচালক ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মোঃ কামরুল হাসান,সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা মোঃ এনায়েতুল্লাহ ২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জে রায়গ্রাম ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ৭ নং রায়গ্রাম ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করেছেন। রোববার দুপুরে ৭ নং রায়গ্রাম ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে এই বাজেট ঘোষণা করেন। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন অপুর সভাপতিত্বে এবারের বাজেটে আয় ও ব্যায় সমান রেখে বাজেট পেশ ও পরিচালনা করেন ইউপি সচিব আতিয়ার রহমান । এছাড়া এ বাজেট ২-এর পাতায় দেখুন

# সবার জন্য স্বাস্থ্য ও পেশাগত নিরাপত্তা শীর্ষক ভবিষ্যত প্রজন্ম যুব সম্মেলন অনুষ্ঠিত




**রশিদুল ইসলাম রিপন :** কর্মপরিবেশের অনিরাপদতায় বিশ্বে প্রতিদিন মারা যায় সাড়ে ৭ হাজার মানুষ। রানা প্লাজা দুর্ঘটনার পর থেকে দেশে কর্মপরিবেশের বেশ কিছুটা উন্নয়ন হয়েছে। তারপরও দেশে অনেক অপ্রতিষ্ঠানিক খাতে ঝুঁকি নিয়ে কাজ করছে শ্রমিকরা। এ কারণে কর্মক্ষেত্রে শ্রমিকের স্বাস্থ্য ও পেশাগত নিরাপত্তায় আরো কাজ করতে হবে বলে মনে করেন বক্তারা। শনিব- ার (২৭ মে) রংপুর শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে 'সবার জন্য স্বাস্থ্য ও পেশাগত নিরাপত্তা' শীর্ষক ভবিষ্যত প্রজন্ম যুব সম্মেলনে বক্তারা এ কথা বলেন। তারা বলেন, বিশ্বে প্রতিদিন সাড়ে সাত হাজার মানুষ কর্মপরিবেশের অনিরাপদতার কারণে মারা যায়। এরমধ্যে বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশ গুলোর ২-এর পাতায় দেখুন



## গাংনীতে কৃষক সমাবেশ অনুষ্ঠিত

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার গোপালনগর গ্রামের মাঠে কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা কৃষি অফিস এ সমাবেশের আয়োজন করে। সমাবেশে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন। এসময় বক্তব্য রাখেন বিশিষ্ট আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু,আওয়ামী লীগ ২-এর পাতায় দেখুন

## পড়া না করায় বেত্রাঘাতে শিক্ষার্থী হাসপাতালে

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গায় প্রাইভেট শিক্ষকের বেত্রাঘাতে এক স্কুলছাত্র আহত হওয়ার অভিযোগ উঠেছে। শিক্ষার্থীকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে চিকিৎসা দেয়া হয়েছে। চুয়াডাঙ্গা পৌর এলাকার বাগানপাড়ার প্রাইভেট শিক্ষক মোহাম্মদ সজীব এ ঘটনা ঘটায়। এ বিষয়ে রবিবার রাতে ভুক্তভোগির পরিবার চুয়াডাঙ্গা সদর থানায় লিখিত অভিযোগ দিয়েছে।

ভুক্তভোগী শিক্ষার্থী চুয়াডাঙ্গা শহরের জোয়ার্দ্দারপাড়ার বাসিন্দা। সে চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র। অভিযুক্ত শিক্ষক সজীব শহরের বাগানপাড়ার আলী মাসুদ ২-এর পাতায় দেখুন

# খেলাধুলার মাধ্যমে দেশের গৌরব বয়ে আনতে হবে : মেয়র রিটন



**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একদিনেই বঙ্গবন্ধু হননি। তিনি সংগ্রাম করেছেন। অন্যায়ের প্রতিবাদ করেছেন। জেল খেটেছেন। মানুষের উপকার করেছেন। তারপর তিনি বঙ্গবন্ধু হয়েছেন। আর তাকে সব সময় সহযোগিতা করতেন তার সহধর্মিনী, বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব। পৌর মেয়র বলেন, শুধু লেখাপড়া করলেই চলবে না, লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করতে হবে। শরীর মন ঠিক রাখতে হবে। খেলাধুলার মাধ্যমে দেশের গৌরব বয়ে আনতে হবে। সোমবার সকালে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে মেহেরপুর পৌর পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কথা বলেন। সহকারী শিক্ষা অফিসার ২-এর পাতায় দেখুন



## চুয়াডাঙ্গায় স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে শিক্ষাপ্রতিষ্ঠানে বেঞ্চ বিতরণ

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গায় স্বেচ্ছাসেবী সংগঠন আল মুহসিন সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে একটি শিক্ষাপ্রতিষ্ঠানে বেঞ্চ বিতরণ করা হয়েছে। সোমবার সকাল ১০টায় পৌর এলাকার সিএন্ডবিপাড়ার আদর্শ কিন্ডারগার্টেনে এ বেঞ্চ বিতরণ করা হয়। বিদ্যালয় সূত্রে জানা গেছে, স্থানীয় শিক্ষাব্যবস্থায় অবদান রাখতে সিএন্ডবিপাড়ায় আদর্শ ২-এর পাতায় দেখুন

# কালীগঞ্জের নিয়ামতপুর ইউনিয়ন পরিষদের বাজেট ঘোষণা


**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ৪ নং নিয়ামতপুর ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট ঘোষণা করা হয়েছে। এবারের বাজেটে আয় ব্যায় সমান রেখেই ৭৯ লাখ ১৮ হাজার ১৭২ টাকার বাজেট পেশ করেন পরিষদের চেয়ারম্যান রাজু আহম্মেদ রনি লস্কার।



এ উপলক্ষে সোমবার দুপুরে পরিষদের সম্মেলন কক্ষে চেয়ারম্যান রাজু আহম্মেদ রনি লস্কারের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাতে উপস্থিত ছিলেন, বীরমুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, নিয়ামতপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সাদ্দাম ধনী, মহিলা প্যানেল চেয়ারম্যান মনোয়ারা বেগম, সাংবাদিক আরিফ মোল্ল্যা ও বেলাল হুসাইন বিজয়। পরিষদের সচিব কুবাদ আলীর সঞ্চালনায় উন্মুক্ত বাজেট অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, ইউপি সদস্য নাজমুল হোসেন, পরিষদের সকল পুরুষ ও মহিলা ইউপি সদস্য সহ এলাকার গন্যমান্য ব্যাক্তবর্গ।




**সম্পাদকমন্ডলীর সভাপতি :** আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) **সম্পাদক ও প্রকাশক :** আলী কদর পলাশ, **ভারপ্রাপ্ত সম্পাদক :** তানভীর হাসান (জিসান হাই),**ব্যবস্থাপনা সম্পাদক :** আশরাফুল আলম চঞ্চল, **নির্বাহী সম্পাদক :** তুহিন আরণ্য
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫,০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন :** ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

## স্বাস্থ্যনীতি প্রণয়ন কতদূর?

আমাদের দেশে সাধারণ মানুষের চিকিৎসা গ্রহণের জন্য একমাত্র ভরসা সরকারি হাসপাতাল। সরকারি হাসপাতালে কি মানুষ চিকিৎসাসেবা পাচ্ছে। নানাভাবে হয়রানি হচ্ছে রোগী ও স্বজনরা। সরকারি হাসপাতালগুলোতে চিকিৎসাসেবা দেয়ার নামে চলমান নৈরাজ্য ও নির্মমতা দেখার যেন কেউ নেই। দেশের ৬৪টি জেলা শহরের বেশির ভাগ হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসক ও জনবল নেই। আর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ক্লিনিকগুলোর অবস্থা আরো নাজুক। এসব হাসপাতালে প্রয়োজনের তুলনায় এমবিবিএস চিকিৎসক নেই। ওষুধ নেই। এমন খবর গণমাধ্যমে প্রায়ই আসছে। কিন্তু কোনো সুরাহা কি হচ্ছে? দেশে সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের পাশাপাশি অনেক বেসরকারি ও ব্যক্তিমালিকানাধীন হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার গড়ে উঠেছে। তবে এসব প্রতিষ্ঠানে চিকিৎসা গ্রহণ যথেষ্ট ব্যয়বহুল। বস্তুত দেশের সংখ্যাগরিষ্ঠ মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত ও দরিদ্র মানুষের অসুখে-বিসুখে সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলোই ভরসা। মানুষের মৌলিক অধিকারের মধ্যে অন্যতম একটি হলো স্বাস্থ্যসেবা। আমাদের দেশের মোট জনসংখ্যার বড় অংশই গ্রামে বসবাস করে। গ্রামের কৃষক ও হতদরিদ্র মানুষ তাদের চিকিৎসার জন্য নির্ভর করেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রগুলোর ওপর। কিন্তু এগুলো চিকিৎসক সংকটসহ নানারকম সংকট ও অনিয়ম-অব্যবস্থাপনায় আক্রান্ত। তাই গ্রামীণ দরিদ্র মানুষগুলো প্রতিনিয়তই বঞ্চিত হচ্ছেন কাঙ্ক্ষিত চিকিৎসাসেবা থেকে। প্রত্যন্ত অঞ্চলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে বড় সংকট হলো লোকবল ও চিকিৎসা সরঞ্জামাদির। আবার যে সরঞ্জামাদি আছে তারও সদ্ব্যবহার হয় না, যে লোকবল নিয়োজিত আছে তাদেরও কর্মস্থলে যথাযথ দায়িত্ব পালন নিশ্চিত হচ্ছে না, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) বাংলাদেশের মতো দেশগুলোকে তাদের জিডিপির ৫ শতাংশ স্বাস্থ্য খাতে জাতীয় বাজেটে বরাদ্দ করার পরামর্শ দিয়েছে। গত ১২ বছরেরও বেশি সময় ধরে বাংলাদেশে স্বাস্থ্য খাতে জিডিপির ১ শতাংশেরও কম বরাদ্দ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থের প্রায় ৭০ শতাংশ ব্যয় হয় বেতন-ভাতা বাবদ, বাকি অর্থ ব্যয় হয় স্বাস্থ্যসেবার জন্য, যা খুবই অপর্যাপ্ত। স্বাস্থ্য খাতের সার্বিক উন্নয়নের বিষয়টি বিবেচনায় নিয়ে এ খাতে আর্থিক বরাদ্দ বাড়াতে হবে। এ খাতকে দুর্নীতিমুক্ত রেখে বর্ধিত বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। পত্রিকার পাতায় প্রায় দিনই ছাপা হয় কোনো না কোনো এলাকার স্বাস্থ্য কমপ্লেক্স বা স্বাস্থ্যকেন্দ্রের বেহাল দশার খবর। তার ওপর আছে নানারকম দুর্নীতি। সরকারি বিনামূল্যে বিতরণের ওষুধ বিক্রি হয় বাজারে। অর্থাৎ এ ক্ষেত্রে নজরদারির অভাব প্রকট। অনিয়ম-অব্যবস্থাপনা রোধ করার জন্য ঊর্ধ্বতন মহলের নজরদারি দরকার। সরকার একজন চিকিৎসককে গ্রামের হাসপাতালে ২ বছর থাকার নিয়ম করে দিলেও তা কেউ মানছে না। অধিকাংশ ডাক্তার যোগদানের কয়েক মাস পরেই বিভিন্ন তদবিরের মাধ্যমে শহরে চলে যান। ফলে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের চিকিৎসা ব্যবস্থা মুখ থুবড়ে পড়েছে। দেশে কার্যকর কোনো স্বাস্থ্যনীতি নেই। এখন আমাদের আগামী ৫০ বছরের জন্য স্বাস্থ্য খাতের রূপরেখা নিয়ে ভাবতে হবে। বৈষম্যমুক্ত সমাজ গঠনের অন্যতম প্রধান কাজ হলো বৈষম্যমুক্ত স্বাস্থ্যব্যবস্থা গড়ে তোলা।

## কালীগঞ্জে প্রধান শিক্ষক

করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান এসএম জাহাঙ্গীর সিদ্দিক, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শেখ মনিরুল ইসলাম, উপজেলা পরিসদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান শাহনাজ পারভীন, কালীগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ফারুক আহম্মেদ ও উপজেলা শিক্ষা পরিদর্শক আব্দুল আলিম।

এছাড়া কর্মশালায় ৭৫টি স্কুল ও মাদরাসা প্রধান এবং ২৫ জন ম্যানেজিং কমিটির সভাপতি অংশগ্রহন করেন। অনুষ্ঠানে পিবিজিএসআই এর আওতায় ১৮ শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে প্রত্যেককে ৫ লাখ করে বরাদ্দ দেওয়া হয়েছে জানিয়ে উপস্থিত প্রধান শিক্ষক, সুপার ও ম্যানেজিং কমিটির সভাপতিদের করনীয় নিয়ে আলোচনা করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। একই সময় শর্তসাপেক্ষে বাকি শিক্ষা প্রতষ্ঠানেকে শিক্ষার মান উন্নয়নে ৫ লাখ করে টাকা বরাদ্দ দেওয়া হবে বলেও জানান এ শিক্ষা কর্মকর্তা।

## শৈলকুপার বগুড়া ইউনিয়নের

মাহমুদসহ ইউপি সদস্য নায়েব আলী,শ্রী মদন মন্ডল,আবু বক্কর বিশ্বাস,মাহবুব হোসেন,নাসির উদ্দিন,ফরিদ মুন্সি, বি এম মিলন,খন্দকার আলী,মনসুর ,ময়না খাতুন,মাকসুদা বেগম,আসমা খাতুন,তুহিন মাহমুদ, কৃষি কর্মকর্তা নিরাজুল ইসলাম ও স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## ঝিনাইদহে বিএডিসি চুক্তিবদ্ধ

এ সভা অনুষ্ঠিত হয়। এতে কেন্দ্রীয় কমিটির সভাপতি সালাহউদ্দিন আহমেদ, সাধারন সম্পাদক আব্দুল মান্নান, সহ-সভাপতি হাবিবুর রহমান, ইউসুফ আলী, প্রধান উপদেষ্টা এনামুল হকসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। সেসময় বক্তারা বলেন, বর্তমানে বিএডিসি গমের বীজ ৬০ টাকা মূল্য নির্ধারন করায় ক্ষতির সম্মূখিন হচ্ছে তারা। তাই গম বীজের দাম ৬৫ টাকা ও ধানের বীজ ৫২ টাকা করার দাবি জানান। একই সাথে ধানে বীজের দাম পুর্বেই নির্ধারণের দাবীও জানান।

## শৈলকুপায় নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে

সংশ্লিষ্ট ব্যবসায়ীদের এগারো হাজার টাকা জরিমানা করা হয়। পরে জব্দকৃত পলিথিনগুলো পুড়িয়ে ফেলা হয়। উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী বলেন,হাটবাজার ও কারখানায় নিষিদ্ধ ঘোষিত পলিথিনের বিরুদ্ধে এই ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## জাল সনদধারী মেহেরপুর জেলার

করেছেন কেউ কেউ। তবে জাল সনদধারী কোন শিক্ষক রেহাই পাচ্ছেন না বলে আশার কথা শুনিয়েছেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার। তিনি বলেন, জাল সনদধারীদের বিষয়ে অধিদপ্তরের নিরীক্ষার বিষয়টি একটি চলমান প্রক্রিয়া। যা অব্যহত রয়েছে। এতে যদি কোন জাল সনদধারীদের পাওয়া যায় তবে অবশ্যই তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রসঙ্গত, মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ পর্যায়ে কর্মরত ৬৭৮ জন শিক্ষককে জাল সনদধারী হিসেবে চিহ্নিত করে তাদের চাকুরিচ্যুতির যে তালিকা করা হয়েছে তার মধ্যে মেহেরপুর জেলার ছয় শিক্ষক রয়েছেন। এরা হচ্ছেন- মেহেরপুর সদর উপজেলার আমঝুপি এআরবি কলেজের প্রভাষক ফাতেমা মহতাসিমা, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মুজিবুর রহমান, গাংনী উপজেলার বামন্দী-নিশিপুর স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক আরেফিন ইসলাম, প্রভাষক মাহমুদ হাসান ও প্রদর্শক জাহাঙ্গীর আলম এবং সাহেবনগর বহুমুখী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক কাফুর উদ্দীন।

## শ্রমিকের পরিবর্তে ভেকু মেশিন

করায় কর্মসংস্থানের সুযোগ থেকে তারা বঞ্চিত হয়েছেন। স্থানীয় বাসিন্দা রহমান আলী বলেন, দেখলাম গত দুই দিন ধরে শ্রমিকের পরিবর্তে মাটি কাটা ভেকু দিয়ে এই রাস্তার কাজ করছে। অথচ আমরা বেকার বসে আছি। আমাদের পেটে লাথি মারা হচ্ছে।

মাটি কাটার যন্ত্র দিয়ে রাস্তা সংস্কারের কাজ চলাকালীন সময়ে স্থানীয় মরা গাঙ থেকে মাটি তুলে তা স্থানীয় আক্কাচ আলী নামের একজনের কাছে বিক্রয় করারও অভিযোগও উঠেছে। ক্রেতা আক্কাচ আলীর সাথে যোগাযোগ করলে মাটি ক্রয়ের কথা স্বীকার করে তিনি বলেন, প্রকল্পে কাজ করার সময় মাটি বিক্রি করবেন বলে সংরক্ষিত মহিলা সদস্যের স্বামী আঃ রশিদের আমাকে জানান। আমি প্রতি গাড়ি মাটি ১ (এক) হাজার টাকা করে কিনেছি।

এ ঘটনায় সংরক্ষিত মহিলা ইউপি সদস্যের স্বামী আঃ রশিদ বলেন, আমি চেয়ারম্যানের কথা মত কাজ করি। আমি মাটি বিক্রয় করিনি,কিছু মাটি আমি নিয়ে এসেছি নিচু জমি ভরাটের জন্য। এতে আমার জেল-ফাসি হয় হোক।

শ্রমিকের পরিবর্তে মাটি কাটার যন্ত্র (ভেকু) দিয়ে রাস্তা সংস্কার, প্রকল্পের মাটি বিক্রয়ের বিষয়ে তথ্য জানতে চাইলে উপজেলার রঘুনাথপুর ইউনিয়নের চেয়ারম্যান বসির উদ্দীন বলেন, মাটি বিক্রয় করে কি আমরা কোটিপতি হয়ে গেছি? সাংবাদিকরা আমার ইউনিয়নে কি? অন্য যায়গায় যান। আমার প্রকল্পের কাজ দেখবে ইউএনও, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। আপনারা আমার ইউনিয়নের কাজ নিয়ে প্রশ্ন করার কে? আপনাদের কিন্তু খবর আছে।

এদিকে হরিনাকুন্ডু প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মফিজুর রহমান এর সাথে মোবাইল ফোনে যোগাযোগ করিলে তিনি জানান,আমি কাগজপত্র (ফাইল) না দেখে কিছুই বলতে পারছি না। কথা শেষ হওয়ার আগেই তিনি ফোনের সংযোগ কেটে দেন।

উপজেলা নির্বাহী অফিসার সুস্মিতা সাহা বলেন, হতদরিদ্র শ্রমিক বঞ্চিত করে (ভেকু) দিয়ে কাজ করছে কি না আমার তা জানা নেই। কোন অনিয়ম হলে অবশ্যই আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## শৈলকুপায় সড়ক দুর্ঘনায় নসিমন

হয়। এতে রবিউল ইসলাম গুরুতর আহত হয়। খবর পেয়ে শৈলকুপা ফায়ার সার্ভিসের কর্মীরা সেখান থেকে তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক সোহেলী খাতুন বলেন, রবিউল ইসলাম হাসপাতালে আসার আগেই মারা গেছে। আমরা তাকে মৃত অবস্থায় পেয়েছি।

## গাংনীর আদম ব্যবসায়ী

দেন। সোহরার গোপালনগর গ্রামের ( বর্তমান ঠিকান- গাংনী ডিগ্রী কলেজ পাড়া) মৃত ছমির উদ্দিনের ছেলে। মামলার বিবরণী জানা যায়, গত ২০২১ সালের ৩০ ডিসেম্বর রহিদুল ইসলাম খোকনের ছেলে সবুজ আহমেদকে সৌদি আরবে পাঠানোর জন্য চার লক্ষ ১০ হাজার টাকা চুক্তিবদ্ধ হন। সৌদি আরবে পাঠানোর পর কোন প্রকার আকামা না দেওয়ায় মানবতার জীবনযাপন শুরু করে সবুজ আহমেদ। আকামা দেওয়ার নাম করে সবুজের কাছে থেকে দুই লাখ টাকা নেন সোহরার। ১৩ মাস অবৈধ থাকার পর সবুজ কে গ্রেপ্তার করে সৌদি পুলিশ। সৌদি আরবে ১৫ দিন পর জেল খাটার পর তাকে দেশে ফেরত পাঠায় সৌদি সরকার। সবুজের বাবা বাদী হয়ে মেহেরপুর বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট-২(গাংনী) আমলি আদলতে বাদী হয়ে বাংলাদেশ দণ্ডবিধি আইনের,৪২০/৪০৬/৫০৬(খ) মামলা দায়ের করেন। যার নং- সি আর- ৭০৬/২০২২, তারিখ, ২৫-১০-২০২২ ইং। সবুজের বাবা রহিদুল ইসলাম খোকন জানান, আদম ব্যবসাহি সোহরাব আমার ছেলে সবুজকে ফ্রি ভিসায় সৌদি আরবে পাঠানোর জন্য আমার কাছ থেকে চার লাখ ১০ হাজার টাকার নেন। এক বছরের মধ্যে আমার ছেলের প্রয়োজনীয় সকল কাগজপত্র করে দেবেন বলে তাকে সৌদি আরবে পাঠান। কিন্তু সেটি করে না দিয়ে আমার কাছে হুমকি, ধামকি ও ভয় ভীতি দিয়ে জোরপূর্ব আরও দুই লাখ টাকা হাতিয়ে নেন। প্রয়োজনীয় কাগজপত্র না করতে পারায় সৌদি পুলিশ আমার ছেলেকে গ্রেফতার করে বাংলাদেশে পাঠিয়ে দেন। রহিদুল ইসলাম খোকন এর অ্যাডভোকেট কামরুল ইসলাম জানান, আপস মীমাংসার কথা বলে সোহরাব আদালত থেকে জামিন গ্রহণ করেন। আদালতের শর্ত পূরণ না করায় তাকে মহামান্য বিজ্ঞ বিচারক তাকে কারাগারে প্রেরণ করার নির্দেশ দেন।

## রামসুন্দর প্রাথমিক বিদ্যালয়

রবিউল এসে জোর করে আমাদের মিছিলে নিয়ে যায়। তারা হুমকি দেন মিছিলে না গেলে স্কুল থেকে বের করে দেওয়া হবে। একাধিক ছাত্রী আমাদের কাছে বলেন (তাদের পরিচয় গোপন রাখার শর্ত) যে মেয়ে গুলো একটু সুন্দর হত তার কাছে গিয়ে প্রধান শিক্ষক তার শরীরে বিভিন্ন ভাবে হাত দিয়ে স্পর্শ করেন এবং নানা কু-প্রস্তাব দেন, মান সম্মানের ভয়ে আমরা কাওকে কিছুই বলিনা। ছাত্রীরা বার বার অনুরোধ করেন যাতে তাদের নাম ও পরিচয় গোপন রাখা হয়। এক ছাত্র অভিযোগ করে বলেন, প্রধান শিক্ষক সিগারেট খেতে খেতে তাদের নির্দেশ দেন তোমরা সিগারেট খাবানা সিগারেট খাওয়া স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এ ব্যাপারে অভিযুক্ত প্রধান শিক্ষকের সাথে কথা বলার চেষ্টা করা হলেও তার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

## মহেশপুরে বিশ্ব মা দিবস

পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ,ভাইস চেয়ারম্যান আজিজুল হক আজা,মহিলা ভাইস চেয়ারম্যান হাসিনা খাতুন হেনা,শিক্ষাবিদ এটিএম খাইরুল আনাম,মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রগ্রামার অফিসার মনোরঞ্জন বিশ্বাস। আলোচনা অনুষ্ঠানে স্বেচ্ছাসেবী নারী, জয়িতা, সংবাদকর্মী, বিভিন্ন এনজিও প্রতিনিধিসহ শতাধিক মা উপস্থিত ছিলেন।

## বন্ধ হওয়ার পথে পায়রা তাপবিদ্যুৎ

কোম্পানি পিটি বায়ান রিসোর্স টিবিক। তবে, অর্থ পরিশোধ না করায় কোম্পানিটিও আর কয়লা সরবরাহ করবে না বলে জানানো হয়েছে। অপরদিকে কয়লা সরবরাহ করে বকেয়া পাওনা পরিশোধ না করায় সিএমসির ওপর কয়লা আমদানির নিষেধাজ্ঞা জারি করেছে চীনের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

বকেয়া পরিশোধের জন্য বিসিপিসিএলকে চিঠি দিয়েছে সিএমসি। যা অর্থ মন্ত্রণালয় ও পিডিবিকে অবহিত করে পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র কর্তৃপক্ষ। কিন্তু ডলার সংকটের কারণে বিপুল পরিমাণ অর্থ পরিশোধে আপাতত সক্ষম নয় পিডিবি।

এ প্রসঙ্গে বিসিপিসিএলের ব্যবস্থাপনা পরিচালক এ এম খোরশেদুল আলম বলেন, ডলার পরিশোধ না করায় আগেই কয়লার চালান বন্ধ হয়ে গেছে। এখন যতটুকু কয়লা মজুদ আছে তা দিয়ে আগামী কয়েকদিন প্লান্ট চালু রাখা যাবে। মূল সমস্যা হলো ডলার সংকট। বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগ করেছি। তারা ১০ কোটি ডলার প্রদানের একটা ব্যবস্থা করছে। যদিও তা যথেষ্ট নয়। এছাড়া বিল পরিশোধ করে নতুন করে কয়লা আমদানি করতে ২৫ দিন সময় লেগে যাবে। ফলে জুনের প্রায় পুরোটা সময় প্লান্ট বন্ধ থাকবে। দেশে বিদ্যুতের চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র। এর উৎপাদন ক্ষমতা ১ হাজার ৩২০ মেগাওয়াট হলেও প্রকৃত উৎপাদন ১ হাজার ২৪৪ মেগাওয়াট। যা বরিশাল ও খুলনা ছাড়াও ঢাকায় সরবরাহ করা হয়।

সংশ্লিষ্টরা বলছেন, বিদ্যুৎ কেন্দ্রটি বন্ধ হয়ে গেলে চাহিদা ও উৎপাদনে একটি বড় পার্থক্য তৈরি হবে। বেড়ে যাবে লোডশেডিংয়ের মাত্রা।

এ বিষয়ে পিডিবির এক কর্মকর্তা বলেন, পায়রার উৎপাদন বন্ধ হলে লোডশেডিংয়ের পরিমাণ বেড়ে যাবে। তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ চেষ্টা করছে বকেয়া পরিশোধ করে বিদ্যুৎকেন্দ্রটি চালু রাখার।

## মুক্তা সুলতানাকে চাকরি দিলেন

ডেভেলপমেন্ট এন্ড সোশ্যাল কমিউনিকেশন অফিসার' পদে ৩৫ হাজার টাকা বেতনের চাকরির নিয়োগপত্র তুলে দেন।

এই চাকরি পেয়ে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় মুক্তা সুলতানা বলেন, 'আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের সহানুভূতির কারণে আমার চাকরি হয়েছে। আমি তার প্রতি কৃতজ্ঞ।' একজন প্রতিমন্ত্রী 'ফেসবুক ভিডিও' দেখে নাগরিকের ক্ষোভ-দুঃখ-হতাশা দূর করতে তাকে খুঁজে এনে ব্যক্তিগত উদ্যোগে চাকরির ব্যবস্থা করবেন তা এখনো তার কাছে বিস্ময়ের।

## চুয়াডাঙ্গায় গাছ থেকে পড়ে

খাওয়ার বায়না ধরে। এ সময় নানা নাসির উদ্দিন বাড়ির কাছের জামগাছে জাম পাড়তে ওঠেন। জাম পাড়ার সময় গাছের একটি মগডাল ভেঙে তিনি পড়ে যান। গুরুতর আহত অবস্থায় তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়। তার অবস্থা গুরুতর হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পরামর্শ দেয় চিকিৎসক। রাজশাহী নেওয়ার পথে দুপুর সাড়ে ১২টার দিকে তিনি মারা যান।

## ঝিনাইদহের কালীচরণপুর

জাহাঙ্গীর আলম এ বাজেট ঘোষণা করেন। উন্মুক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠানে ইউপি সচিব আমিনুর রহমান, ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোদাচ্ছের হোসেন, উপ-সহকারী কৃষি কর্মকর্তা আব্দুল লতিফ, উত্তরকাস্টসাগরা দাখিল মাদ্রাসার সুপার লিয়াকত হোসেন, শৈলজানাথ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক নাসিমা খাতুন, আওয়ামী লীগ নেতা শামসুল ইসলাম, সুলতান বিশ্বাস, জয়নাল আবেদিন, যুবলীগ নেতা তুহিন বিশ্বাস, ছাত্রলীগ নেতা মেহেদি হাসান রানাসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। বাজেট সভা শেষে নতুন অর্থবছরের বাজেট ঘোষনা করেন ইউপি চেয়ারম্যান।

## ভেড়া পালনে বিল্লালের

নিয়ে বেড়ায় এতে অতিরিক্ত খাদ্যর প্রয়োজন হয় না। যখন মাঠে আবাদ থাকে তখন তারা বাড়ির আসেপাশের ঝোড় খাই আবার পানির মধ্যে নেমে পানির ঘাস খাই। তিনি আরো বলেন যে, ভেড়া প্রতি বছর ২বার বাচ্চা দেই। যার কারনে সহজে ভেড়া বৃদ্ধি পাই। তা ছাড়া এর দাম ভালো। তবে তিনি অভিযোগ করেন ঝিনাইদহের পশু হাসপাতালে পি পি আর রোগের ভ্যাকসিন আনতে গেলে তারা দেয় না। যার কারনে অনেক ভেড়া মারা যাই। কতৃপক্ষর কাছে আবেদন করবো আমরা যাতে পিপি আর রোগের ভ্যাকসিন টা পাই।

এ বিষয়ে জেলাপ্রাণী সম্পাদ অধিদপ্তর এর অফিসার ডাঃ মনোজিৎ কুমার সরকার বলেন, বিষয়টি দেখছি। প্রয়োজনে ভেড়া পালনকারি বিল্লাল হোসেনের যোগযোগ রাখা হবে। প্রয়োজনীয় ব্যস্থা করা হবে।

## হরিণাকুন্ডুর শড়াতলা-বেলতলা

কিছু নেই, মাঝখানেও গর্ত ও সব অংশ শেষ। এই ব্রীজ দিয়ে আগে দিনে কয়েক শত ছোট যানবাহন চলাচল করতো। ষাট বছর ধরে ব্রীজটির কোনো সংস্কার হয়নি। ফলে চলাচলের অনুপযোগী। স্কুল-কলেজগামী ছাত্রছাত্রীসহ এলাকাবাসীকে দুর্ঘটনার শিকার হতে হচ্ছে প্রায়ই। আর হাজার হাজার লোক জন যাতায়াত করে। স্থানীয়দের অভিযোগ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের অবহেলা ও উদাসীনতার কারণেই ব্রিজটির বেহাল অবস্থা।

শড়াতলা গ্রামের কৃষক মোশা মন্ডল জানান, সবচেয়ে বেশি খতিগ্রস্ত হচ্ছে কৃষক। আমরা দৈন্দদিন কৃষি পন্য নিয়ে যাতায়াত করতে পারিন না।

সড়াতলা-বেলতলা রাস্তায় চলাচলকারী আলম সাধু চালক আব্দার মালিথা জানান, মালামাল পরিবহনে ব্যাপক ভোগান্তির শিকার হতো চালকদের। বর্তমানে দুর্ভোগ এড়াতে বিকল্প রাস্তা ব্যবহার করছি। তাতে সময় বেশী লাগছে আবার খরচ বেশী হচ্ছে।

বেলতলা গ্রামের পল্লী চিকিৎসক রিজন বলেন, আমি নিজ উদ্যোগে এলাকার যুব সমাজের সাথে নিযয়ে বাঁশের চরাট বানিয়ে আংশিক মানুষ চলাচলের উপযোগী করা হয়েছে। তবে এখানে নতুন একটি নতুন ব্রীজ জরুরি নির্মাণ করা দরকার। রাতে চলাচল করা যায় না।

**শড়াতলা-বেলতলর** বাসীন্দরা বলেন,ও দোষ আমাদের কপালের। প্রায় ১০ বছর যাবত সেতু ঝুঁকিপূর্ণ হয়ে আছে শুধু আশ্বাস পেয়েছি। নির্বাচনের আগে উন্নয়নের আশ্বাস দিয়ে ভোট চান তারা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহা বলেন, সেতুটি দ্রুত পুনর্নির্মাণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।।

ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী আবু রায়হান বলেন, সমস্যা সমাধানে চাহিদাপত্র অধিদপ্তরে পাঠিয়েছি। অনুমোদন পেলে ব্যবস্থা নেওয়া হবে।

## চুয়াডাঙ্গায় সাপের কামড়ে

এক ঘণ্টা পর চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. আল ইমরান জুয়েল বলেন, চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়েছে। ধারণা করা হচ্ছে বিষধর সাপের কামড়েই তার মৃত্যু হয়েছে।

## মহেশপুরে কিশোরীদের মাঝে

কিশোরীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা বর্মকর্তা মুস্তাফিজুর রহমান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ফারজানা নাজনীন সাম্মী,পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো) কর্মকর্তা প্রমেট চন্দ্র বর্মন প্রমুখ। পরে কিশোরীদের সচেতনতা মুলক প্রশিক্ষক অনুষ্ঠানে উপস্থিত কিশোরীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## শৈলকুপায় কিশোরীদের

প্রমূখ। এসময় বক্তারা, উপস্থিত কিশোরীদের উদ্দেশ্যে বাল্যবিবাহ,আত্মহত্যা,নারী নির্যাতন ও বয়ঃসন্ধিকালীন শারীরিক ও মানসিক পরিবর্তন সম্পর্কে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং শিক্ষা উপকরণ সহ স্যানিটারি ন্যাপকিন তুলে দেন।

## কালীগঞ্জে রায়গ্রাম ইউনিয়নে

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন রায়গ্রাম ইউপি সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোদাচ্ছের হোসেন , ইউপি সদস্য ইসমাইল হোসেন, কুদ্দুস হোসেন,ইকবল হোসেন, সকল সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্যরা ।এছাড়া আরো উপস্থিত ছিলেন স্থানীয় মুক্তিযোদ্ধা,

গণ্যমান্য সামাজিক ব্যক্তিবর্গ সহ বিভিন্ন শ্রেণির পেশাজীবিগণ। এবারের বাজেটে রাজস্ব ও উন্নায়ন খাতের আয় সর্বমোট ১কোটি ৬ লক্ষ ২১ হাজর ৮ শত টাকা। ১ কোটি ৬ লাখ ২১ হাজার ৮শত টাকা ও ব্যায় ও সমপরিমাণ রেখে বাজেট আনুষ্ঠানিক ভাবে ঘোষণা করেছে।

## সবার জন্য স্বাস্থ্য ও পেশাগত

শ্রমিকদের সংখ্যা উল্লেখযোগ্য। সম্মেলনে, রংপুর জেলা প্রশাসক চিত্রলেখা নাজনীন সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন রংপুর বিভাগীয় কমিশনার হাবিবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন পুলিশ কমিশনার নুরে আলম মিনা, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) আবু জাফর,অতিরিক্ত ডিআইজি মিজানুর রহমান, রংপুর যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক আব্দুল ফারুক।

আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), কানাডা এবং নেদারল্যান্ডসের সহযোগিতায় অনুষ্ঠানের আয়োজন করে ভলান্টারি সার্ভিসেস ওভারসিজ(ভিএসও) বাংলাদেশ।

স্বাগত বক্তব্য রাখেন ভিএসও বাংলাদেশের প্রজেক্ট ম্যানেজার মো: শফিকুর রহমান, রংপুর বিভাগীয় যুব ফোরামের পক্ষে বক্তব্য রাখেন যুব ফোরামের সাংগঠনিক সম্পাদক শহিদ ইসলাম সুজন। সঞ্চালনা করেন বিভাগীয় যুব ফোরামের সভাপতি জামাল হোসেন।

রংপুর বিভাগীয় কমিশনার হাবিবুর রহমান বলেন, দেশের যুবকরা এখন সবচেয়ে বড় শ্রমশক্তি। এসডিজি অর্জনে যুবদের ভূমিকা রাখতে হবে। যুবরাই দেশের সম্পদ। নিরাপদ কর্মপরিবেশ তৈরিতে তারাই সবচেয়ে বড় ভূমিকা রাখতে পারে। সরকারও তাদের সাথে নিয়ে কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও পেশাগত নিরাপত্তায় কাজ করছে। এছাড়া আমাদের টেসকসই উন্নয়ন লক্ষ্যে যেতে নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতের বিকল্প নেই। আমরা নিজেদের সচেতনতা বৃদ্ধির মাধ্যমে নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে চাই।

সম্মেলনে ভিএসও কতৃক গঠিত রংপুর বিভাগের সব সেচ্ছাসেবী সংঠনের প্রতিনিধিদের নিয়ে গঠিত যুব ফোরামের জেলা সভাপতিদের কার্যক্রমের উপর ভিত্তীকরে তাদের কে সম্মাননা স্বারক প্রদান করা হয়

## চুয়াডাঙ্গায় স্বেচ্ছাসেবী সংস্থার

কিন্ডারগার্টেন নামের একটি বিদ্যালয় গড়ে তোলা হয়েছে। কিন্তু বিদ্যালয়ের বেঞ্চ সংকটের কারণে এ পাঠদানে ব্যাঘাৎ ঘটছিলো। বিষয়টি অনুধাবন করে চুয়াডাঙ্গা শহরের কয়েক তরুণের গড়া আল মুহসিন সমাজ কল্যাণ সংস্থা ওই বিদ্যালয়ে দুই দফায় আট জোড়া বেঞ্চ প্রদার করেছে। সোমবার সকালে বেঞ্চ বিতরণকালে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সভাপতি আছের আলী, প্রধান শিক্ষক শিরিন আরা, আল মুহসিন সমাজ কল্যাণ সংস্থার সভাপতি মো. ইউসুফ, সাধারণ সম্পাদক আরাফাত ইসলাম, কোষাধ্যক্ষ মেছবাহুল ইসলাম, সদস্য রাজিবুল ইসলাম, রুকাইয়া খাতুন প্রমুখ।

বিদ্যালয়ে প্রধান শিক্ষক শিরিন আরা বলেন, নতুন বেঞ্চগুলো পেয়ে বিদ্যালয়ের শিক্ষার্থীরা আনন্দিত। এর মাধ্যমে বিদ্যালয়ের পাঠদানেও গতি আসবে।

## খেলাধুলার মাধ্যমে দেশের গৌরব

জহিরুল হকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের বক্তব্য রাখেন মেহেরপুর এস এম সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ফিরোজ আহমেদ, পৌর সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নুরুল গনি। মেহেরপুর পৌর এলাকায় বঙ্গবন্ধুর প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপে ১২টি এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপে ১২ টি দল অংশগ্রহণ করছে। পৌর মেয়র দুদলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

## পড়া না করায় বেত্রাঘাতে

জোয়ার্দ্দার বাবুর ছেলে। স্কুলছাত্রের পিতা বলেন, 'আমার ছেলে হোমওয়ার্ক না করায় শিক্ষক সজীব তাকে বেতের লাঠি দিয়ে নির্মমভাবে মারধর করে। যা সহ্য করার মতো নয়। ছেলেকে হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে। ওই শিক্ষকের বিচারের দাবিতে আমার স্ত্রী বাদী হয়ে সদর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন।'

তিনি আরও বলেন, 'থানায় অভিযোগ করার পর ওই শিক্ষকের পিতা আমাকে মুঠোফোনে বিভিন্নভাবে হুমকি-ধমকি দেন। বিষয়টি নিয়ে সামনে না এগুনোর জন্য সতর্ক করেন।'

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক সাদিয়া মা আরিজ বলেন, ওই কিশোরের বাম পায়ে একাধিক আঘাতের চিহ্ন পাওয়া গেছে। তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়ি পাঠানো হয়েছে।

এ বিষয়ে সদর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহব্বুর রহমান বলেন, ভুক্তভোগী শিক্ষার্থীর মা একটি অভিযোগ দিয়েছেন। বিষয়টি তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

## গাংনীতে কৃষক সমাবেশ অনুষ্ঠিত

নেতা শহিদুল ইসলাম, রাইপুর ইউনিয়ন পরিষদের ১ নং ওয়ার্ডের সদস্য ( মেম্বার) আতিয়ার রহমান আজাদ।

## জাপান সফর শেষে দেশে

পরিদর্শন করেন। এছাড়া, তিনি হাউজ অফ রিপ্রেজেনটেটিভস অফ জাপানের স্পিকার হিরোইউকি হসোদা এবং জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদের আমন্ত্রণে নৈশভোজে অংশগ্রহণ করেন।

এছাড়া, স্পিকারের সফরসঙ্গী হিসেবে জাপান সফর শেষে আবুল কালাম মো: আহসানুল হক চৌধুরী এমপি, খাদিজাতুল আনোয়ার এমপি ও কানিজ ফাতেমা আহমেদ এমপি আজ ঢাকা পৌঁছেছেন। স্পিকারের স্পাউস সৈয়দ ইশতিয়াক হোসাইন, পুত্র সৈয়দ ইবতেশাম রফিক হোসাইন, অতিরিক্ত সচিব মো: নূরুজ্জামান, স্পিকারের একান্ত সচিব অতিরিক্ত সচিব এম এ কামাল বিল্লাহ, যুগ্মসচিব মো: তারিক মাহমুদ এবং স্পিকারের সহকারী একান্ত সচিব উপসচিব মো. রাশেদ ইকবাল চৌধুরী জাপান সফর শেষে আজ ঢাকা পৌঁছেছেন।

## ভিসানীতির কারণে বিএনপির

জারি করেছে যুক্তরাষ্ট্র।'

গতকাল সোমবার দুপুরে দলের দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়ার স্বাক্ষরিত এক বিবৃতিতে তিনি এসব কথা বলেন।

এতে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বিবৃতিতে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মিথ্যাচার ও বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ওবায়দুল কাদের বলেন, 'নীলনকশা অনুযায়ী বিদেশি প্রভুদের কাছ থেকে সাড়া না পেয়ে বিএনপি এখন গভীর হতাশায় নিমজ্জিত। তাই বিএনপি আন্দোলনের পথ হারিয়ে দিশেহারা হয়ে পড়েছে। 'বিএনপি না এলে নির্বাচন জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে অংশগ্রহণমূলক বিবেচিত হবে না' গণতন্ত্রের অন্তর্নিহিত আদর্শপরিপন্থি এমন অপপ্রচার মুখ থুবড়ে পড়েছে।

বিবৃতিতে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, বিদেশি প্রভুদের তুষ্ট করার জন্য বিএনপি মিলিয়ন ডলার খরচ করে লবিস্ট ফার্ম নিয়োগ করেছে। তাদের সেই ষড়যন্ত্র এখনও অব্যাহত রয়েছে। বিদেশি প্রভুদের কাছ থেকে আশানুরূপ সাড়া না পেয়ে তারা এখন মার্কিন যুক্তরাষ্ট্রের নতুন ভিসানীতির আলোকে সরকার ও আওয়ামী লীগের বিরুদ্ধে কুৎসা রটাতে নতুন নতুন নাটক সাজিয়ে ষড়যন্ত্র করছে।

কোথাও নিজেরাই মারামারি করে আহত হয়ে তার দোষ চাপাচ্ছে সরকারের ওপর। কোথাও সফল রাষ্ট্রনায়ক বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার বিরুদ্ধে অশ্লীল এবং কুরুচিপূর্ণ স্লোগান ও বক্তব্য দিয়ে আওয়ামী লীগ নেতাকর্মীদের উসকানি দিচ্ছে। আবার কোথাও পুলিশের ওপর নিজেরাই বিনা উসকানিতে অতর্কিত হামলা চালিয়ে তার দায় সরকারের ওপর চাপানোর অপচেষ্টা চালাচ্ছে।

দেশবাসী ২০০১ থেকে ২০০৬ সালের বিএনপি-জামায়াতের ভয়াল দুঃশাসনের কথা ভুলে যায়নি। আওয়ামী লীগের হাজার হাজার নেতাকর্মী অত্যাচার-নির্যাতনের শিকার হয়েছে। আওয়ামী লীগের নেতাকর্মীরা তাদের দলীয় কার্যালয়েও যেতে পারেনি। আওয়ামী লীগ নেতা শাহ এ এম এস কিবরিয়া, আহসান উল্লাহ মাস্টার, মঞ্জুরুল ইমাম, মমতাজ উদ্দিনসহ ২১ হাজার নেতাকর্মীকে হত্যা করা হয়েছে। এমনকী বাংলাদেশে নিযুক্ত তৎকালীন ব্রিটিশ হাই কমিশনার আনোয়ার চৌধুরীও সন্ত্রাসী হামলা থেকে রেহাই পায়নি।

বিবৃতিতে কাদের বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ জনগণের কল্যাণে রাজনীতি করে। জনগণের আশা-আকাঙ্ক্ষাকে ধারণ করেই আবর্তিত হয় আওয়ামী লীগের সব কার্যক্রম। জনগণই আওয়ামী লীগের প্রধান শক্তি। জনগণের ঐক্যবদ্ধ প্ল্যাটফর্মের নামই আওয়ামী লীগ। বিএনপি যত দেশ ও জনগণের স্বার্থ বিকিয়ে দিয়ে বিদেশি প্রভুদের দ্বারে দ্বারে ধর্না দেবে ততই তারা গণশত্রুতে পরিণত হবে। জনবিচ্ছিন্ন বিএনপি নেতারা যতই চেষ্টা করুক না কেন, এদেশের মানুষ তাদের অপপ্রচার ও মিথ্যাচারে বিভ্রান্ত হবে না। কারণ বাংলাদেশের মানুষ উন্নয়ন-অগ্রগতি প্রগতি ও সমৃদ্ধির প্রতীক বঙ্গবন্ধুকন্যা দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ।

## মার্কিন ভিসা নীতি বিএনপির

বলার সুযোগ বিএনপির নেই।'

তিনি আরো বলেন, 'মার্কিন স্টেট ডিপার্টমেন্টের প্রেস ব্রিফিংয়ে বাংলাদেশে নির্বাচনকালে তত্ত্বাবধায়ক সরকার নিয়ে প্রশ্নের জবাবে তারা বলেছে যে-তত্ত্বাবধায়ক সরকার নিয়ে তাদের কোনো মাথাব্যথা নেই, একটি সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ নির্বাচন হোক সেটিই তারা চায়। অর্থাৎ বিএনপির তত্ত্বাবধায়ক সরকারের দাবি তাদের সমর্থন পায়নি, বিশ্বব্যাপী কারো সমর্থন পায়নি। সুতরাং বিএনপির অন্তত আন্তর্জাতিক অঙ্গণে এটি নিয়ে আর বলার সুযোগ নেই । ফলে এই ভিসা নীতি তাদের ওপর বিরাট চাপ তৈরি করেছে।'

গতকাল সোমবার দুপুরে সচিবালয়ে সমসাময়িক বিষয় নিয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

ড. হাছান মাহমুদ বলেন, 'মার্কিন যুক্তরাষ্ট্র ভিসা নীতি ঘোষণা করার সময় যে প্রেস ব্রিফিং করা হয় সেখানে তারা বলেছেন যে, বাংলাদেশের প্রধানমন্ত্রী যে স্বচ্ছ অংশগ্রহণমূলক নির্বাচন করতে চাচ্ছেন সেটির জন্য সহায়ক হিসেবে তারা এই ভিসা নীতি ঘোষণা করেছে। এবং সরকারের পক্ষ থেকেও সেভাবে প্রতিক্রিয়া ব্যক্ত করা হয়েছে।'

## মার্কিন নিষেধাজ্ঞার ভাইরাসে

কিউবার অর্থনৈতিক অবস্থাকে গভীরভাবে প্রভাবিত করেছে। আর এই নিষেধাজ্ঞা প্রত্যাহার হওয়ার কোনো লক্ষণ এখনো দেখা যাচ্ছে না।

১৯৬২ সালের ৩ ফেব্রুয়ারি তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডি কিউবার সঙ্গে সব ধরনের দ্বিপক্ষীয় বাণিজ্যের ওপর নিষেধাজ্ঞার আদেশ দেন। ঘোষণার চার দিন পর নিষেধাজ্ঞা কার্যকর হয়। কেনেডির নির্বাহী আদেশে বলা হয়েছিল, এই নিষেধাজ্ঞার উদ্দেশ্য হলো কমিউনিস্ট শক্তির সঙ্গে দ্বীপরাষ্ট্রটির সম্পর্কের ফলে সৃষ্ট হুমকি হ্রাস করা। নিষেধাজ্ঞা সত্ত্বেও হাভানা তার অবস্থান বদল করেনি, ফলে মার্কিন নিষেধাজ্ঞাও প্রত্যাহার হয়নি।

কিউবার কর্তৃপক্ষের হিসাব অনুযায়ী, মার্কিন নিষেধাজ্ঞার ফলে দেশটির অর্থনীতির যে ক্ষতি এখন পর্যন্ত হয়েছে, তা প্রায় ১৫০ বিলিয়ন ডলারের সমান। ৩০ বছরের মধ্যে কিউবা এখন সবচেয়ে বাজে অর্থনৈতিক সংকটের মুখোমুখি। দেশটির মুদ্রাস্ফীতি ৭০ শতাংশ। কিউবার আয়ের অন্যতম প্রধান উৎস পর্যটন। এই খাতের ওপর মারাত্মক প্রভাব ফেলেছে করোনা মহামারি। কিউবা খাদ্য ও ওষুধের তীব্র সংকটে ভুগছে। দেশটিতে অত্যাবশ্যকীয় পণ্যের জন্য মানুষের দীর্ঘ সারি এখন সাধারণ দৃশ্য হয়ে উঠেছে।

## বাংলাদেশি আমেরিকানদের

অবস্থান করছেন সৌদি আরবে। দেশটি থেকে একসময় রেমিট্যান্স বা প্রবাসী আয়ও আসতো সবচেয়ে বেশি। তবে সম্প্রতি রেমিট্যান্স পাঠানোর দিক থেকে পিছিয়ে পড়েছে দেশটি। সেই স্থান দখল করে নিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। অর্থাৎ কম প্রবাসী থাকার পরও যুক্তরাষ্ট্র এখন বাংলাদেশের শীর্ষ রেমিট্যান্স সরবরাহকারী দেশে পরিণত হয়েছে। যা সন্দেহজনক বলে মনে করছেন অর্থনীতি বিশ্লেষকরা। আর এই রেমিট্যান্স আসা বেড়েছে বাংলাদেশ নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের নতুন ভিসা নীতি ঘোষণার পর থেকেই।

বাংলাদেশ ব্যাংকের তথ্য বিশ্লেষণ করলে দেখা যায়, ২০২১-২২ অর্থবছরের ১০ মাসে (জুলাই-এপ্রিল) সৌদি থেকে ৩.৮৬ বিলিয়ন ডলার রেমিট্যান্স এলেও চলতি (২০২২-২৩) অর্থবছরের একই সময়ে এসেছে ৩.০৪ বিলিয়ন ডলার। গত অর্থবছরের একই সময়ে (জুলাই-এপ্রিল) যুক্তরাষ্ট্র থেকে রেমিট্যান্স এসেছিল ২.৮৭ বিলিয়ন ডলার, চলতি বছরের একই সময়ে তা বেড়ে ৩.০৫ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। হঠাৎ যুক্তরাষ্ট্র থেকে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিকে সন্দেহের চোখে দেখছেন বিশ্লেষকরা।

বিশ্লেষকরা বলছেন, যুক্তরাষ্ট্রে যারা যায় তাদের বেশিরভাগই হোয়াইট কালার জব করে। অনেকেই ঘরবাড়ি ও জমিজমা বিক্রি করে দেশ থেকে টাকা নিয়ে চলে যায়। অনেক শিক্ষার্থীও সে দেশে আছে। তারা সাধারণত দেশে টাকা পাঠাতে পারে না। কিন্তু এরপরও মার্কিন যুক্তরাষ্ট্র থেকে হঠাৎ রেমিট্যান্স আসা বাড়ছে। যা রহস্যজনক। তবে এই হঠাৎ রেমিট্যান্স বেড়ে যাওয়াকে অনেকে পাচারকৃত টাকা কিনা তা নিয়ে প্রশ্ন তুলেছে। তারা বলছেন, সাধারণত আমেরিকা বা কানাড়াতেই বাংলাদেশিরা টাকা পাচার করে থাকে এমন একটি ধারণা প্রচলিত আছে। সুতরাং সেই পাচার হওয়া সেই টাকাই এখন রেমিট্যান্স হয়ে আসছে বলে কেউ কেউ ধারণা করছেন।

তারা বলছেন, রেমিট্যান্সের ওপর সাধারণত সরকার আড়াই শতাংশ ইনসেন্টিভ বা প্রণোদনা দিয়ে থাকে। কিন্তু এখন যে রেমিট্যান্স আসছে আর সেটা যদি হয় পাচার হওয়া টাকা তাহলে আড়াই শতাংশ ইনসেন্টিভ বা প্রণোদনা দেওয়া কোনোভাবেই উচিত হবে না বলে মনে করছেন অর্থনীতি বিশ্লেষকরা। তারা বলছেন, পাচার হওয়া টাকা রেমিট্যান্স হয়ে দেশে আসছে কিনা কিংবা কেউ সেটার সুযোগ নিচ্ছে কিনা তা কর্তৃপক্ষকে আরও গভীরে গিয়ে অনুসন্ধান করে ব্যবস্থা নেয়া উচিত।

## আওয়ামী লীগে যোগ দিল

উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সিনিয়র সহসভাপতি মুন্সী রেজাউল হক।

মাগুরা পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের পারনান্দুয়ালী গ্রাম থেকে ওই ওয়ার্ড বিএনপি'র সভাপতি মিজানুর রহমান মিন্টু মোল্যার নেতৃত্বে ৩ শতাধিক নারী পুরুষ আনুষ্ঠানিকভাবে আওয়ামী লীগে যোগদান করেন। এদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন নিরু মোল্যা, তমাল মোল্যা, সোনা মোল্যা, সুমন মোল্যা ও কিসলু খান। সমন্বয়ে ছিলেন জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক শেখ রেজাউল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলী হোসেন মুক্তা এবং শ্রমিক নেতা সাজ্জাদ মোল্যা।

যোগদান অনুষ্ঠানে মিজানুর রহমান জানান, জাতির পিতা বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হয়ে এবং জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আমরা এলাকার ৩ শতাধিক নেতা কর্মী মাগুরার সংসদ সদস্য সাইফুজ্জামান শিখরের কাছে আনুষ্ঠানিকভাবে আওয়ামী লীগে যোগদান করছি।

## সংঘাত নয়, আলোচনায় সমাধান

সমন্বয়কারী গুয়েন লুইস।

অনুষ্ঠানের শুরুতে শান্তি প্রতিষ্ঠায় আত্মদানকারী বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

অনুষ্ঠানে 'বাংলাদেশ ইন গে-াবাল পিস' শীর্ষক একটি প্রামাণ্য চিত্র প্রদর্শিত হয়।

নিহত পাঁচজন শান্তিরক্ষীর পরিবারের সদস্যরা প্রধানমন্ত্রীর হাত থেকে পুরস্কার গ্রহণ করেন। তিনি পাঁচজন আহত শান্তিক্ষীর হাতে পুরস্কার তুলে দেন।

পরে, প্রধানমন্ত্রী ইন্টারন্যাশনাল পিসকিপার জার্নাল উন্মোচন করেন।

প্রধানমন্ত্রী বলেন, ২০২৩ আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবসের থিম- 'পিস বিগিনস উইথ মি' খুবই সময়োপযোগী বলে তিনি মনে করেন । তিনি আরো বলেন, এই নীতিবাক্য নিয়ে আমরা আমাদের জাতির পিতার দেখানো পথে বিশ্ব শান্তির জন্য কাজ করব এবং ভবিষ্যৎ প্রজন্মকে একটি নিরাপদ ও শান্তিপূর্ণ পৃথিবী দেয়ার চেষ্টা করব- এটাই আজ আমাদের অঙ্গীকার।

শেখ হাসিনা বলেন, বাংলাদেশের শান্তিরক্ষীরা যাতে আরও আত্মবিশ্বাসের সঙ্গে জাতিসংঘের আহ্বানে সাড়া দিতে পারে সেজন্য তাঁর সরকারের প্রচেষ্টা অব্যাহত থাকবে।

তিনি আরো বলেন, আমি আশা করি বাংলাদেশী শান্তিরক্ষীরা তাদের দক্ষতা, পেশাদারিত্ব, সাহসিকতা ও নিষ্ঠার সাথে কাজ করে দেশের সম্মান ও ভাবমূর্তি উজ্জ্বল রাখবে।

সরকার প্রধান বলেন, আপনারা (শান্তিরক্ষীরা) সংঘাত প্রতিরোধ, বেসামরিক নাগরিকদের সুরক্ষা, মানবাধিকার নিশ্চিত করতে এবং শান্তি প্রতিষ্ঠায় অক্লান্ত পরিশ্রম করেন।

তিনি বলেন, "আপনাদের আন্তরিক কাজের কারণে ওই সব দেশের জনগণ আপনাদের নিঃশর্ত ভালোবাসা দিয়েছে।


প্রধানমন্ত্রী আরো বলেন, 'বাংলাদেশী কন্টিজেন্টের সঙ্গে যুক্ত অনেক দেশের স্থানীয় নাগরিকরা আপনাদের কাছ থেকে বাংলা সংস্কৃতি ও ভাষা শিখেছেন। আপনারা অন্যান্য দেশের সহকর্মী শান্তিরক্ষীদের সম্মান ও ভালবাসা অর্জন করেছেন। কোভিড-১৯ মহামারীর মধ্যেও শান্তি প্রতিষ্ঠার জন্য আপনাদের পেশাদারিত্ব, দক্ষতা ও নিষ্ঠার প্রশংসা করা হয়েছে।'

তিনি বলেন, বাংলাদেশী শান্তিরক্ষীরা বিশ্বশান্তি বজায় রাখতে এবং দেশের ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছেন।

বর্তমানে বাংলাদেশের ৭ হাজার ৪৩৬ শান্তিরক্ষী জাতিসংঘ শান্তিরক্ষা মিশন ও কার্যক্রমে নিয়োজিত আছে আর এই সংখ্যা বিশ্বব্যাপী মোতায়েন শান্তিরক্ষীদের মোট সংখ্যার প্রায় ৯ দশমিক ৮ শতাংশ। এর মধ্যে ৫৭২ জন বাংলাদেশী নারী শান্তিরক্ষীও রয়েছে।

শেখ হাসিনা আরো বলেন, জাতিসংঘ মহাসচিব আরও নারী শান্তিরক্ষী পাঠানোর অনুরোধ করায় আমরা নারী শান্তিরক্ষীদের সংখ্যা বাড়ানোর প্রচেষ্টা অব্যাহত রাখছি। তিনি বলেন, বাংলাদেশী শান্তিরক্ষীরা বিশ্বের ৪০টি দেশে জাতিসংঘের ৬৩টি মিশন সফলভাবে সম্পন্ন করেছে।

বর্তমানে বাংলাদেশী শান্তিরক্ষীরা জাতিসংঘের ১৪টি মিশন ও কার্যক্রমে নিয়োজিত আছে। বাংলাদেশ সেনাবাহিনীর ২০টি, বাংলাদেশ নৌবাহিনীর দুটি, বাংলাদেশ বিমান বাহিনীর চারটি ও বাংলাদেশ পুলিশের তিনটি দল এসব মিশনে কাজ করছে।




## মুজিবনগরে সম্মেলন ছাড়ায় ছাত্রলীগের কমিটি গঠন: নেতাকর্মীদের মাঝে ক্ষোভ

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের মুজিবনগরে রাতের আধারে ইউনিয়ন ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করেই নতুন কমিটি গঠন করেছে উপজেলা ছাত্রলীগ। পূর্ব ঘোষণা ও সম্মেলন ছাড়ায় মুজিবনগর উপজেলা ছাত্রলীগ সভাপতি হেলাল উদ্দিন লাভলু ও সাধারণ সম্পাদক শেখ সাকিব স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তি দিয়ে মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়। শনিবার ২৭ মে সন্ধ্যার পর থেকে রাত ১২ টার মধ্যে যে কোন এক সময় এ কমিটি বিলুপ্ত ও ২৮ তারিখের স্বাক্ষরিত কমিটির অনুমোদন করা হয় একই সময়ে।

ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীদের অভিযোগ, সম্মেলন ছাড়ায় শনিবার (২৭ মে) রাত ৯ টার দিকে মোনাখালী ইউনিয়নের কমিটি বিলুপ্ত ঘোষণা দিয়ে ফেসবুকে প্রেস বিজ্ঞপ্তির ছবিসহ স্ট্যাটাস দিয়েছিলো নেতারা। এর তিন ঘন্টা পরে রাত ১২ টার দিকে ২৮ তারিখ দিয়ে নতুন কমিটিতে স্বপন গাজীকে সভাপতি ও শামীম রেজাকে সাধারণ সম্পাদক করে ৯ সদস্যের কমিটির অনুমোদন দেয় উপজেলা ছাত্রলীগ। এ কমিটিতে সহসভাপতি সজল মিয়া ও জাহিদ হাসান এবং যুগ্ম সম্পাদক জুবাইর রহমান। সাংগঠনিক সম্পাদক শেখ সহিদ, সহ সাংগঠনিক সম্পাদক শাকিল মিয়া। প্রচার সম্পাদক মহাজির আলী ও দপ্তর সম্পাদক মো: রেজা। কমিটি গঠনের পর থেকেই কমিটির সাধারণ সম্পাদক মামলার আসামী, মাদকাসক্ত ও অনলাইন জুয়ার সাথে জড়িত এবং অন্যান্য সদস্যদের পরিবারের লোকজন জামাত বিএনপির সাথে সরাসরি সম্পৃক্ত এমন অভিযোগ এনে সামাজিক যোগাযোগ মাধ্যমে চলছে সমালোচনার ঝড়। কমিটি গঠনকে কেন্দ্র করে নেতাকর্মীদের মাঝেও ক্ষোভের সৃষ্টি হয়েছে। অভিযোগ রয়েছে মোটা অংকের টাকা নিয়ে রাতারাতি এই কমিটি গঠন করা হয়েছে।

স্থানীয় ছাত্রলীগ কর্মী ইমতিয়াজ ইমন জানান, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের কমিটির মেয়াদ শেষ হয়েছে ৪ বছর আগে। উপজেলা ছাত্রলীগের সভাপতি মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার অপারেটর পদে চাকরী করছেন। সাধারণ সম্পাদক শেখ সাকিব বিয়ে করেছেন অনেক আগেই। বর্তমানে তিনি ৪ বছর বয়সী এক কন্যা সন্ড়নের পিতা। মেয়াদোত্তির্ণ উপজেলা কমিটি টাকার বিনিময়ে রাতের আঁধারে বিএনপি পরিবারের ছেলেকে সাধারণ সম্পাদ করে কমিটি দিয়েছেন। মোমিন হাসান সাব্বির রহমান বলেন, আমি দির্ঘদিন ছাত্রলীগের রাজনীতি করে আসছি। এবারের কমিটিতে আমিও পদ প্রত্যাশী ছিলাম কিন্তু হঠাৎ রাতের আধারেই মেয়াদোত্তীর্ণ কমিটি বিলুপ্ত করে নিয়ম বর্হিভুতভাবে নতুন কমিটি গঠন করা হয়েছে। সভাপতি আওয়ামীগ পরিবারের হলেও সাধারণ সম্পাদক বানানো হয়েছে শামীম রেজাকে, তার বিরুদ্ধে মাদক ও অনলাইন জুয়ার সঙ্গে জড়িত থাকার অভিযোগ রয়েছে। এমনকি বর্তমানে মুজিবনগর থানায় একটি মামলার ওয়ারেন্টভুক্ত পলাতক আসামি। এ বিষয়ে মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন লাভলু ও সাধারণ সম্পাদক শেখ সাকিবের সাথে মুঠোফোনে একাধিকবার চেষ্টা করেও যোগাযোগ করা সম্ভব হয়নি।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন বলেন, মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়ন কমিটি গঠনের বিষয়টি আমার অজানা। কেন্দ্রীয় ছাত্রলীগের সাংগঠনিক নির্দেশনা আছে সম্মেলন ছাড়া মহানগর, জেলা, বিশ্ববিদ্যালয়সহ যে কোনো ইউনিটের কমিটি গঠন করা যাবে না। আমি বিষয়টি শুনেছি তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

## জাতীয় শিক্ষা সপ্তাহ '২৩ উপলক্ষে খুলনা বিভাগীয় পর্যায়ে প্রথম আলমডাঙ্গার তমা ও এশা



আলমডাঙ্গা অফিসঃ জাতীয় শিক্ষা সপ্তাহ '২৩ উপলক্ষে খুলনা বিভাগীয় পর্যায়ে তাৎক্ষণিক নাটক ও হামদ-নাতে প্রথম হরেছেন আলমডাঙ্গার মাইশা আশরাফি এশা ও তমা বিশ্বাস। জানা গেছে আলমডাঙ্গা সরকারি কলেজের ছাত্রী তমা বিশ্বাস হামদ -নাতে ও মাইশা আশরাফি এশা তাৎক্ষণিক নাটক প্রতিযোগিতায় গত শনিবার খুলনা বিভাগীয় পর্যায়ের প্রতিযোগীতায় প্রথম স্থান অধিকার করেছেন।গত ২০ শে মে চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে তারা প্রথম স্থান অধিকার করে বিভাগীয় পর্যায়ে অংশ গ্রহণ করেন। ইতিপুর্বে তমা বিশ্বাস হামদ ও নাতে বাংলাদেশের শীর্ষ স্থান অধিকার করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত থেকে প্রথম পুরস্কার গ্রহণ করে আলমডাঙ্গাবাসীকে গর্বিত করেছিলেন।আরও জানা গেছে আগামী ৫ ই জুন তারা দুজনে ঢাকায় অনুষ্ঠিত জাতীয় শিক্ষা সপ্তাহ'২৩ এর খুলনা বিভাগীয় প্রতিনিধি হিসেবে প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবেন।আলমডাঙ্গা সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোনায়েম হোসেন বলেন -তমা ও এশা খুলনা বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান অধিকার করে আমাদের গর্বিত করেছে।তারা আগামী ৫ ই জুন ঢাকায় অনুষ্ঠিত সারা দেশ ব্যাপী প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে।তাদের জন্য সকলেই দোয়া করবেন,যেন তারা সারা দেশের মধ্যে সেরার পুরস্কার অর্জন করতে পারে।

## ফের তুরস্কের প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী এরদোয়ান



**আন্তর্জাতিক ডেস্ক :** তুরস্কের দীর্ঘদিনের প্রেসিডেন্ট রিসেপ তায়িপ এরদোয়ান আরও পাঁচ বছরের জন্য ক্ষমতায় থাকা নিশ্চিত করেছেন, তার সমর্থকরা রাতভর উল্লাস করে নির্বাচনে তাদের প্রার্থীর জয় উদযাপন করেছেন। গত রোববার হওয়া প্রেসিডেন্ট নির্বাচনের রানঅফ ভোটের সরকারি ফল প্রকাশ হওয়ার পর দেখা যায়, এরদোয়ান ৫২ দশমিক ১ শতাংশ ভোটারের সমর্থন পেয়ে প্রতিদ্বন্দ্বী কেমাল কিরিচতারোলুকে পরাজিত করেছেন। কিরিচতারোলু ৪৭ দশমিক ৯ শতাংশ ভোট পেয়েছেন, জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। "সাড়ে ৮ কোটি জনতার সবাই জয় পেয়েছে," রাজধানী আঙ্কারায় প্রেসিডেন্টের বাসভবনের সামনে জড়ো হওয়া উল্লসিত সমর্থকদের উদ্দেশ্যে বলেন এরদোয়ান। অপরদিকে কিরিচতারোলু এই ভোটকে 'কয়েক বছরের মধ্যে হওয়া সবচেয়ে পক্ষপাতদুষ্ট নির্বাচন' বলে অভিহিত করলেও ফলাফল নিয়ে কোনো আপত্তি তোলেননি। প্রেসিডেন্ট নির্বাচনের রানঅফ ভোটের আগে গত ১৪ মে'র প্রথম পর্বের ভোটেও এরদোয়ানই এগিয়ে ছিলেন। কিন্তু অল্পের জন্য রানঅফ এড়াতে প্রয়োজনীয় ৫০ শতাংশ ভোট পেতে ব্যর্থ হয়েছিলেন, পেয়েছিলেন ৪৯ দশমিক ৫ শতাংশ ভোট। ৪৪ দশমিক ৯ শতাংশ ভোট পেয়ে দ্বিতীয় স্থানে ছিলেন দেশটির তরুণ ভোটাদের পছন্দের প্রার্থী কিরিচতারোলু। তুরস্কের নিকট ভবিষ্যতের জন্য এই নির্বাচনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করা হচ্ছিল। জীবনযাত্রার ব্যয় বেড়ে যাওয়ায় ২০ বছর ধরে ক্ষমতায় থাকা এরদোয়ানের জনপ্রিয়তা ধাক্কা খেয়েছিল, বিরোধীরা এটিকে এরদোয়ানকে ক্ষমতাচ্যুত করার জোরালো সুযোগ বলে বিশ্বাস করেছিল। কিন্তু এই জয়ে এরদোয়ানের অপরাজেয় ভাবমূর্তি আরও জোরদার হয়েছে। এরদোয়ান ইতোমধ্যে পশ্চিমা সামরিক জোট নেটোর সদস্য তুরস্কের অভ্যন্তরীণ, অর্থনীতি, নিরাপত্তা ও বিদেশনীতি নতুন করে সাজিয়েছেন। তার আরও পাঁচ বছর ক্ষমতায় থাকা বিরোধীদের জন্য বড় ধরনের বিপর্যয়। ক্রমাগত ক্ষমতা সংহত করে এরদোয়ান দেশের গণতন্ত্রের ভিত্তি দুর্বল করে দিচ্ছেন বলে অভিযোগ বিরোধীদের, যা অস্বীকার করে আসছেন তিনি। কিরিচতারোলুর পরাজয়ে তুরস্কের নেটো মিত্ররাও হতাশ হবে বলে ধারণা করা হচ্ছে।

## প্রথমবারের মতো বেসামরিক নভোচারী মহাকাশে পাঠাচ্ছে চীন

**আন্তর্জাতিক ডেস্ক :** 'ক্রুয়েড মিশনের' অংশ হিসেবে চীন তার প্রথম বেসামরিক নভোচারীকে মহাকাশে পাঠাতে যাচ্ছে। উত্তর-পশ্চিম চীনের জিউকুয়ান স্যাটেলাইট লঞ্চ সেন্টার থেকে তিয়ানগং মহাকাশ স্টেশনের উদ্দেশ্যে আজ মঙ্গলবার ছুটবেন বেসামরিক নভোচারীরা। চীনের মহাকাশ সংস্থা গতকাল সোমবার জানায়, গুই হাইচাও নামে এক পেলোড বিশেষজ্ঞ আজ মঙ্গলবার স্থানীয় সময় সকাল ৯টা ৩১ মিনিটে যাত্রা করবেন। এখন পর্যন্ত মহাকাশে পাঠানো সব চীনা মহাকাশচারী পিপলস লিবারেশন আর্মির সদস্য ছিলেন। মহাকাশ সংস্থার এক মুখপাত্র সাংবাদিকদের বলেন।

## জনগণের কাছ থেকে কর নেয় না যেসব দেশ

**আন্তর্জাতিক ডেস্ক :** চলুন জেনে নেওয়া যাক কোন কোন দেশ জনগণের কাছ থেকে কর আদায় করে না-

**বাহামাস:** পর্যটকদের স্বর্গ বলা হয়, পশ্চিম গোলার্ধে অবস্থিত দেশটি।

**সংযুক্ত আরব আমিরাত:** সংযুক্ত আরব আমিরাত উপসাগরীয় অঞ্চলের অন্যতম ধনী দেশ।



## মণিপুরে পুলিশের গুলিতে '৪০ বিদ্রোহী' নিহত

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতে জাতিগত সহিংসতা বিক্ষুব্ধ মণিপুর রাজ্যের পুলিশের কমান্ডোরা বেশ কয়েকটি এলাকায় গত রোববার আট ঘণ্টার বেশি সময় ধরে বিদ্রোহীদের সঙ্গে লড়াই করেছে। এতে অন্তত '৪০ বিদ্রোহী' হওয়ার খবর পাওয়া গেছে বলে সাংবাদিকদের জানিয়েছেন মুখ্যমন্ত্রী এন বীরেন সিং। তিনি বলেন, "সন্ত্রাসীরা বেসামরিক নাগরিকদের বিরুদ্ধে এম-১৬, একে-৪৭ অ্যাসল্ট রাইফেল এবং স্নাইপার বন্দুক ব্যবহার করছে। তারা গ্রামে গ্রামে গিয়ে বাড়িঘর পুড়িয়ে দিয়েছে। "আমরা সেনাবাহিনী ও অন্যান্য নিরাপত্তা বাহিনীর সহায়তায় তাদের বিরুদ্ধে খুব শক্ত ব্যবস্থা নিচ্ছি। আমরা প্রায় ৪০ জন সন্ত্রাসীকে গুলি করে হত্যা করার খবর পেয়েছি।" "সন্ত্রাসীরা নিরস্ত্র বেসামরিক নাগরিকদের ওপর গুলি চালাচ্ছে। মণিপুরকে বিচ্ছিন্ন করার চেষ্টায় থাকা সশস্ত্র সন্ত্রাসী এবং কেন্দ্রের সহায়তায় রাজ্য সরকারের মধ্যে লড়াই চলছে?" বিদ্রোহীরা গভীর রাতে একযোগে ইম্ফল উপত্যকা ও এর আশেপাশের পাঁচটি এলাকায় হামলা করেছে বলে কয়েকটি সূত্রের বরাতে জানিয়েছে এনডিটিভি।

## নাগরিকদের অস্ত্র হাতে নেওয়ার আহ্বান সুদানে

**আন্তর্জাতিক ডেস্ক :** গত এপ্রিল মাসে সুদানে গৃহযুদ্ধ শুরু হয়েছে। দেশের সেনাবাহিনীর সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়েছে আধাসামরিক বাহিনী আরএসএফ। এই পরিস্থিতিতে যুদ্ধবিধ্বস্ত রাজধানী খার্তুমের ঠিক পাশেই অবস্থিত দারফুরে নাগরিকদের অস্ত্র হাতে নেওয়ার বার্তা দেওয়া হয়েছে। দারফুরের গভর্নর স্থানীয় মানুষদের এই নির্দেশ দিয়েছেন। চলমান যুদ্ধ আরও বাড়তে পারে বলে তার আশঙ্কা। গভর্নর মিনি মিন্নাউই টুইটারে লিখেছেন, পুরুষ-নারী, বৃদ্ধ-যুবক নির্বিশেষে সকলের কাছে অনুরোধ, আপনারা অস্ত্র ধরুন। নিজেদের বাসস্থান রক্ষা করুন। দুই দশক আগে আমরা দেখেছি কীভাবে দারফুরকে শ্মশানে পরিণত করা হয়েছিল। আর তা হতে দেওয়া যাবে না। দেশের সেনাবাহিনীর সঙ্গে লড়াই করছে আধাসামরিক গোষ্ঠীর যোদ্ধারা। এর মধ্যে জানজওয়াইদ জঙ্গি গোষ্ঠীর যোদ্ধারাও যোগ দিয়েছে বলে অভিযোগ। আরবের জনজাতি গোষ্ঠীর অন্তর্গত এই যোদ্ধারা ২০০৩ সালে দারফুর যুদ্ধে অংশ নিয়েছিল।

## ঝিনাইদহ নিউ একাডেমীর সভাপতি নির্বাচিত হলেন সোহেল

**বসির আহাম্মেদ :** ঝিনাইদহ শহরের পৌরসভার ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান ঝিনাইদহ নিউ একাডেমী বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, সাবেক ছাত্রলীগ নেতা তরুণ সমাজসেবক পরিচ্ছন্ন রাজনীতিবিদ মোঃ মেহেদী হাসান সোহেল। সোমবার সকালে বিদ্যালয়ের হল রুমে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। ৫ জন অভিভাবক সদস্য, ৩ জন শিক্ষক প্রতিনিধির মধ্যে একজন অভিভাবক সদস্যের প্রকাশ্যে প্রস্তাব ও সমর্থনের মাধ্যমে সর্বসম্মতিক্রমে মোঃ মেহেদী হাসান সোহেল বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত হয়। সেসময় উপস্থিত ছিলেন, প্রিজাইডিং অফিসার উপজেলা পরিসংখ্যান অফিসার মুহাম্মদ ওয়ালিউর রহমান, প্রধান শিক্ষক মোঃ বদিউজ্জামান, সংসদ সদস্যের পি.এস মোঃ রিপন হোসেনসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক গণমাধ্যমের সংবাদ কর্মীবৃন্দ। নির্বাচন প্রিজাইডিং অফিসার উপজেলা পরিসংখ্যান অফিসার মোহাম্মদ ওয়ালিউর রহমান বলেন,আগামী নির্বাচনী বিধি অনুসারে বোর্ড থেকে অনুমোদন হবার সময় থেকে আগামী ২ বছরের জন্যে বিদ্যালয়ের সভাপতি পদে দ্বায়িত্ব পালন করবেন।

ম্যানেজিং কমিটি নবনির্বাচিত সভাপতি মোঃ মেহেদী হাসান সোহেল বলেন, ঝিনাইদহ নিউ একাডেমী বিদ্যালয় সদর পৌরসভার একটি ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান। প্রধানমন্ত্রী দেশরত্ন, আমাদের শেষ আশ্রয়স্থল শেখ হাসিনার একজন কর্মী হয়ে এই বিদ্যালয়ের শিক্ষার মানন্নোয়নের পাশাপাশি অবকাঠামোগত উন্নয়নে মনোনিবেশ করা আমার মূল লক্ষ্য। আমাকে যারা এই দায়িত্ব দিয়েছেন। আমি সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি । আমার জন্য সবাই দোয়া করবেন ও সকলের কাছে সার্বিক সহযোগিতা কামনা করি।



## বঙ্গবন্ধুর শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তিতে বৃক্ষরোপণ কর্মসূচি

**মেহেরপুর প্রতিনিধি:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষে মেহেরপুরে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। সোমবার সকালের দিকে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম মেহেরপুর সার্কিট হাউস প্রাঙ্গণে কয়েকটি জলপাই চারা রোপণ করে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেন। এ সময় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা-উল জান্নাহ,সিনিয়র সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রনি খাতুন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী, রিফাত জাহান প্রমুখ উপস্থিত ছিলেন।

## গাংনীর দেবীপুর গ্রামের ৩ মাদ্রাসা ছাত্রী নিখোঁজ!

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামের ৩জন মাদ্রাসা ছাত্রী নিখোঁজ হয়েছে। প্রেমের কারণে তারা বাড়ি ছাড়া হয়েছে, নাকি কোন অপহরণ চক্রের খপ্পরে পড়েছে এ নিয়ে নানা গুঞ্জন চলছে এলাকায়। নিখোঁজ ওই ৩জন স্থানীয় বামন্দী শহরের একটি মাদ্রাসার ছাত্রী। গত রবিবারে তারা বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেনি। তবে তাদের সন্ধান পেতে পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে খাঁজে-খবর করে হদিস পায়নি। এ বিষয়ে তাদের পরিবারের পক্ষ থেকে স্থানীয় বামন্দী পুলিশ ক্যাম্পকে অবগত করেছে। নিখোঁজ হওয়া ছাত্রীদের মধ্যে এক জন অষ্টম শ্রেণীর ছাত্রী ও অপর ২জন সপ্তম শ্রেণীর ছাত্রী বলে জানা গেছে। পারিবারিক সূত্র জানায়,গত রবিবার সকালে মাদ্রাসায় যাওয়ার নাম করে তারা বাড়ি থেকে বের হয়। সন্ধ্যা পার হলেও তারা বাড়ি ফিরেনি। ফলে অনেক খোঁজাখুঁজি করে তাদের সন্ধান মেলেনি। পরে বামন্দী পুলিশ ক্যাম্পকে অবগত করা হয়। এদিকে বামন্দী পুলিশ ক্যাম্প সূত্র জানায়, নিখাঁজে ৩ ছাত্রীকে উদ্ধারের চেষ্টা অব্যাহত রয়েছে।

## প্রকাশিত সংবাদের প্রতিবাদ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার সিমলা রোকনপুর ইউনিয়নের ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি পাতিবিলা গ্রামের মকলেছুর রহমানের বিরুদ্ধে প্রকাশিত মিথ্যা সংবাদের প্রতিবাদ।

সম্প্রতি কয়েকটি ফেসবুক আইডি ব্যবহার করে কতিপয় ব্যক্তি ঝিনাইদহর কালীগঞ্জ উপজেলার সিমলা - রোকনপুর ইউনিয়নের ওয়ার্ড আওয়ামী লীগর সভাপতি পাতিবিলা গ্রামের মকলেছুর রহমানের বিরুদ্ধে মিথ্যা, মনগড়া ও বানোয়াট সংবাদ প্রচার করছে। যার কোন সত্যতা নেই। প্রকৃত ঘটনা হলো স্থানীয় রাজনৈতিক প্রতিপক্ষ আমাকে পারিবারিক, সামাজিক ও রাজনৈতিক ভাবে হেয় প্রতিপন্ন করতে সিমলা-রোকনপুর ইউনিয়নে ১-২ ও ৩ নং ওয়াড্রের নারী ইউপি সদস্য লিনা আক্তারকে দিয়ে মনগড়া মিথ্যা অভিযোগ দিয়ে অসত্য সংবাদ প্রচার করছে। ওই নারী ইউপি সদস্য লিনা আক্তারের স্বামী লেগুনা চালক সোহাগ হোসেন গত ২৬ মার্চ ২০২৩ ইং তারিখে ওয়ার্ড যুবলীগ নেতা শামিম হোসেনকে লেগুনা চাপা দিয়ে হত্যার চেষ্টা করে। এ ঘটনায় দায়েরকৃত মামলায় আমি ১ নং স্বাক্ষী। যে কারনে তারা ক্ষিপ্ত হয়ে আমার বিরুদ্ধে যড়যন্ত্র ও মিথ্যা অপপ্রচার চালাচ্ছে। আমি এই সংবাদের তীব্র প্রতিবাদ জানাচ্ছি। পরবর্তীতে যাচাই বাছাই করে সত্য ও সঠিক সংবাদ প্রচার করায় জন্য সকলের কাছে অনুরোধ করছি।

**মকলেছুর রহমান**
সভাপতি, ২ নং ওয়ার্ড আওয়ামীলীগ, ৫ নং সিমলা রোকনপুর ইউনিয়ন
কালীগঞ্জ, ঝিনাইদহ।

# বিনোদন



## এবার মুক্তাগাছায় কৃষকের ঈদ আনন্দ

**বিনোদন ডেস্ক :** প্রতি ঈদেই গ্রামবাংলা থেকে শুরু করে শহরের সকল শ্রেণীর টেলিভিশন দর্শকের প্রিয় অনুষ্ঠান 'কৃষকের ঈদ আনন্দ'। শাইখ সিরাজের পরিকল্পনা, পরিচালনা ও উপস্থাপনায় জনপ্রিয় এই অনুষ্ঠানটির ঈদ-উল-আজহার পর্বটি ধারণ করা হয়েছে ময়মনসিংহ জেলার মুক্তাগাছার ঘাটুরি ঈদগাহ মাঠে। গ্রামীণ আবহে বিভিন্ন স্থান থেকে আগত প্রায় দশহাজার মানুষের উপস্থিতিতে কৃষকদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এবারের কৃষকের ঈদ আনন্দ আরো ব্যতিক্রমী, জমজমাট মজার সব খেলাধুলায় ভরপুর থাকবে। এবারে খেলাধুলার অংশটি ধারণের জন্য ময়মনসিংহকে বেছে নেয়ার কারণ হিসেবে উন্নয়ন সাংবাদিক ও গণমাধ্যম ব্যক্তিত্ব শাইখ সিরাজ বলেন, আদি কৃষি ঐতিহ্যের একটি জেলা ময়মনসিংহ। পুরাতন ব্রহ্মপুত্র ও তার শাখা-উপশাখাকে কেন্দ্র করে এ অঞ্চলে গড়ে উঠেছিল কৃষি বাণিজ্যের এক অনন্য ক্ষেত্র। কৃষি সমৃদ্ধির হাত ধরেই এখানে বিকশিত হয়েছিল লোক সংস্কৃতির। যার স্বরূপ আমরা দেখি মৈমনসিং গীতিকায়। কৃষি-ঐতিহ্যের সে ধারা এখনও ধরে রেখেছেন এখানকার কৃষক। তিনি বলেন,'বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, মৎস্য গবেষণা ইনস্টিটিউটসহ নানা গবেষণা ও কৃষিশিক্ষা প্রতিষ্ঠান রয়েছে ময়মনসিংহে। ফলে ধান-পাটের পাশাপাশি নিত্য নতুন ফল-ফসলের চাষ বাড়ছে, খুব সহজেই আধুনিক কৃষির সঙ্গে যুক্ত হচ্ছে কৃষকরা।

## জিমে ঘাম ঝরাচ্ছেন অভিনেত্রী সোলাঙ্কি

**বিনোদন ডেস্ক :** পশ্চিমবঙ্গের টেলিভিশনের গাঁটছড়া সিরিয়ালের পর বেশ কিছুদিনের জন্য ছুটিতে গিয়েছিলেন কলকাতার অভিনেত্রী শোলাঙ্কি রায়। ছুটি নিয়ে একেবারে নিজের মতো করেই সময় কাটাতে ব্যস্ত হয়ে পড়েন অভিনেত্রী। কিন্তু ফের কাজে ফিরছেন তিনি। কিন্তু সেজন্য নিজেকে ফিট রাখাটা জরুরি। তাই জিমে ঘাম ঝরাচ্ছেন অভিনেত্রী। খবরে বলা হচ্ছে, নতুন সিনেমা ও সিরিজে ফিরবেন শোলাঙ্কি। তার আগে নিজেকে আরও গ্ল্যামারাস করে তুলতে চান। ব্যায়ামাগারে জিম করার সেই ভিডিও শোলাঙ্কি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেছেন। যেখানে দেখা গিয়েছে, অভিনেত্রী কার্ডিও, পুশ আপসহ একাধিক শরীরচর্চার প্রক্রিয়ায় ব্যস্ত রয়েছেন। সেখানে মন্তব্য করছেন অভিনেত্রীর বন্ধু ও নেটিজেনরা। সহ-অভিনেতা অনিন্দ্য চট্টোপাধ্যায়ও লেখেন, "ওরে না পাগলি! খাবি কী?" গাঁটছড়া সিরিয়াল থেকেই শোলাঙ্কি অভিনীত খড়ি চরিত্রটি দারুণভাবে জনপ্রিয়তা পেয়েছিল। কিছুদিন পরেই মুক্তি পাবে তার নতুন ছবি 'শহরের উষ্ণতম দিনে'।



## মিথিলার সঙ্গে বিচ্ছেদ, যা বললেন সৃজিত

**বিনোদন ডেস্ক :** আলোচিত দম্পতি সৃজিত মুখার্জি ও রাফিয়াত রশিদ মিথিলার দুই মাসের মধ্যে বিচ্ছেদ হতে যাচ্ছে। কলকাতার প্রভাবশালী দৈনিক আনন্দবাজার এই দম্পতির নাম প্রকাশ না করে ইঙ্গিতপূর্ণভাবে এমন দাবি করছে। তবে এই খবরে তেমন কোন প্রতিক্রিয়া নেই মিথিলার। এবার এই ইস্যুতে মুখ খুলেছেন সৃজিতও। কলকাতার গণমাধ্যমের কাছে মিথিলা ইস্যুতে পরিচালক জানিয়েছেন, মিথিলার সঙ্গে তার সম্পর্ক নিয়ে যা কিছু রটছে, তার কোন রকম ভিত্তি নেই। সৃজিত মুখার্জি আপাতত মধ্যপ্রদেশে 'ব্যোমকেশ' এর শুটিংয়ে ব্যস্ত। একই ইস্যুতে মিথিলা প্রতিক্রিয়ার জানিয়েছিলেন, 'এই খবরের সঙ্গে আমি সম্পৃক্ত নই। খবরে কি আমার নাম আছে?' আনন্দবাজার সেই প্রতিবেদনে দাবি করেছে, ভালোবাসায় ভাঁটা চলছে এই দম্পতির। বয়সে ছোট এক তরুণীকে নতুন করে মন দিয়েছেন সৃজিত। ক্যামেরার পেছনে কাজ করেন তিনি। আজকাল পার্টিতে সারাক্ষণ ওই তরুণীর সঙ্গে সময় কাটান সৃজিত। এই খবর এরইমধ্যে মিথিলার কানে পৌঁছেছে।

## শাড়ি পরানোর পারিশ্রমিক ২ লাখ টাকা

**বিনোদন ডেস্ক :** ভারতের পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতায় বসবাস করেন ডলি জৈন। একজন গৃহবধূ তিনি। কিন্তু ফ্যাশন দুনিয়ায় চর্চা রয়েছে, তার আঙুলের ছোঁয়ায় সাধারণ শাড়িরও চেহারা পাল্টে যায়। বলিউড তারকারা এ কারণে নামি ব্র্যান্ডের গাউন ছেড়ে শাড়ি পরতে শরণাপন্ন হয়ে থাকেন ডলির। সাধারণভাবে শাড়ি পরিয়ে দিতেই অন্তত ৩৫ হাজার টাকা করে নেন তিনি। স্টাইল যত বাড়ে, পারিশ্রমিকও তত বাড়তে থাকে। শাড়ি পরানোর জন্য ২ লাখ টাকা পর্যন্ত পারিশ্রমিক নিয়ে থাকেন ডলি। সম্প্রতি আগেই ফ্রান্সে কান চলচ্চিত্র উৎসবে শাড়ি পরে হাজির হয়েছিলেন বলিউডের এ প্রজন্মের অভিনেত্রী সারা আলি খান। সরু সাদা পাড়ের শাড়িটি অভিনেত্রীকে রেড কার্পেটের জন্য পরিয়ে দিয়েছিলেন ডলি। রেড কার্পেটে দীপিকা পাড়ুকোনকেও শাড়ি পরিয়েছিলেন তিনি। গত কয়েক বছরে তারকাদের বিয়ে বা অন্য কোনো অনুষ্ঠানে শাড়ি পরানোর জন্য বার বার ডাক পেয়েছেন ডলি। অভিনেত্রী কিয়ারা এবং সিদ্ধার্থ মালহোত্রার বিয়েতে নায়িকাকে শাড়ি এবং লেহেঙ্গা পরিয়েছিলেন। আবার সিদ্ধার্থকে উড়নিও পরিয়ে দিয়েছিলেন ডলি। নায়িকা প্রিয়াংকা চোপড়াকে বিয়ের সাজে সাজিয়েছিলেন এই ডলিই। দীপিকা পাড়ুকোনের বিয়ের শাড়িও তার পরানো। এমনকি অভিনেত্রী আলিয়া ভাট, ক্যাটরিনা কাইফ, নয়নতারাকেও বিয়ের দিন শাড়ি পরিয়েছেন কলকাতার এই গৃহবধূ।



## প্রতিনিয়ত নিজেকে নতুন করে গড়তে হয়েছে: শাকিব



**বিনোদন ডেস্ক :** অস্বীকারের সুযোগ নেই, ঢালিউডে সবচেয়ে দীর্ঘ সময় একক আধিপত্য ধরে রাখার কৃতিত্ব শাকিব খানের ঝুলিতে। প্রায় দেড় যুগ ধরে তিনি ইন্ডাস্ট্রি শাসন করছেন। এই সময়ে পুরনো-নতুন অনেক নায়কই কাজ করেছেন। কিন্তু জনপ্রিয়তা কিংবা সাফল্যে তার ধারেকাছে যেতে পারেননি কেউই। সাধারণ পরিবারের এক তরুণ থেকে সিনেমার নায়ক হয়েছেন শাকিব। সেটা ১৯৯৯ সালের কথা। ওই বছরের ২৮ মে মুক্তি পেয়েছিল তার প্রথম ছবি 'অনন্ত ভালোবাসা'। সেই হিসাবে গত রোববার রূপালি ক্যারিয়ারের দুই যুগ পূর্ণ করেছেন এই নায়ক। এ উপলক্ষে তাদের প্রতি কৃতজ্ঞতা আর ভালোবাসা জানিয়েছেন শাকিব, যারা তাকে নায়ক বানিয়েছেন, সাফল্যের সিংহাসনে বসিয়েছেন। গত রোববার রাতে একটি ভিডিও বার্তা ও বিবৃতির মাধ্যমে নিজের অনুভূতি ব্যক্ত করেছেন ঢাকাই নবাব। বলেছেন, "ঠিক দুই যুগ আগে এমন একটি দিনেই শুরু হয়েছিল আমার রূপালি পর্দার যাত্রা। শ্রদ্ধেয় সোহানুর রহমান সোহান ভাইয়ের পরিচালনায়, এসপি প্রোডাকশনের প্রযোজনায় এসেছিল আমার চলচ্চিত্র 'অনন্ত ভালোবাসা'। অনেক স্বপ্ন নিয়ে যাত্রা শুরু করেছিলাম সেই ২৪ বছর আগে। তখনও জানতাম না পরের মূহূর্তে আমার জন্য কী অপেক্ষা করছে। জায়গাটা মোটেই সহজ ছিল না, পথটাও ছিল না মসৃণ। সময়ের সঙ্গে সঙ্গে নিজেকে প্রতিনিয়ত ভেঙে নতুন করে গড়তে হয়েছে। প্রতিকূল চারপাশকে সাজাতে হয়েছে আমার মতো করে। প্রতিদিনের নতুন সূর্যোদয়ের সঙ্গে কঠোর পরিশ্রম, নিষ্ঠা, সততা এবং কাজের প্রতি মমতা দিয়ে আমার দিন শুরু হয়েছে, শেষ হয়েছে নতুন আশা নিয়ে।" গুণীজনদের স্মরণ করতেও ভুললেন না শাকিব। বললেন, "লম্বা এই সময়ে চারপাশের অনেককিছু বদলেছে। হারিয়েছি অনেক গুণীজন, যাদের স্নেহ আর সাহস আমার যাত্রাপথে সাহস যুগিয়েছে। এখনো অনেক অগ্রজরা আছেন যারা আমাকে বলেন, 'বড় গাছের ওপর ঝড়টা একটু বেশিই অনুভব হয়। তুমি হাল ছেড়ো না, শক্ত করে ধরে থাকো মাটি।' পথে চলতে চলতে অনেক নতুনের সঙ্গেও কাঁধে কাঁধ মিলিয়েছি। তাদের মধ্যে অনেকে আছে, অনেকে আবার নেইও এই রূপালি জগতে।" এছাড়া ক্যামেরার পেছনের মানুষ, সহশিল্পী, প্রযোজক, কুশলী, গণমাধ্যম ও সংবাদকর্মীদের প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করেছেন শাকিব খান। দুই যুগ পেরিয়ে এখনও কাজে ডুবে রয়েছেন শাকিব। কক্সবাজারে চলছে তার নতুন ছবি 'প্রিয়তমা'র শুটিং। সেখানেই ছবির টিম কেক কেটে উদযাপন করেছে তার দুই যুগ পূর্তির বিশেষ দিনটি।